

ভোটই দিতে পারলেন না মুখ্যমন্ত্রীর ভাই বাবু বন্দ্যোপাধ্যায়। ভোটের তালিকা থেকে বাদ পড়েছে তাঁর নাম। স্বাভাবিকভাবেই এই ঘটনায় হতাশ তিনি। ...বিস্তারিত পাতা ৩

হলদিয়ার কাঁথি ও তমলুক থেকে বিজেপিকে জেতানোর ডাক দেন শুভেন্দু তৃতীয়বার মোদীকে পাঁচটি প্রকল্পে অগ্রাধিকার দেওয়ার অনুরোধও রাখেন। ...বিস্তারিত পাতা ৫

এবার বহরমপুরের ভোট মিটতেই অন্যান্য লোকসভা আসনগুলিতেও প্রচার পর্বে ইউসুফ পাঠানকে মাঠে নামাতে চাইছে তৃণমূল শিবির। ...বিস্তারিত পাতা ৭

জঙ্গনার অবসান, কেরল ব্লাস্টার ছাড়লেন দিমিত্রিয়স দিয়ামানতাকোস। সোশ্যাল মিডিয়ায় কেরলের সঙ্গে সম্পর্ক ছিন্ন করার কথা ঘোষণা করলেন তিনি। ...বিস্তারিত পাতা ৮

‘সত্যি প্রমাণিত হলে শান্তি মাথা পেতে নেব’, মমতাকে আইনি নোটিস পাঠালেন কার্তিক মহারাজ

দুরন্ত বার্তা, কলকাতা, ২০ মেঃ সন্ধ্যাসন্ধ্যার সঙ্গে রাজনীতির যোগের অভিযোগে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মন্তব্যে বিতর্ক তৈরি হয়েছে। শনিবার মমতার ‘বিতর্কিত’ বক্তব্যের প্রেক্ষিতে শুরু হয়েছে রাজনৈতিক চাপাউত্তোর। এবার মুখ্যমন্ত্রীকে আইনি নোটিস পাঠালেন বেলাগাম ভাত সেবাশ্রম সংঘের প্রধান স্বামী প্রদীপানন্দ। তাঁকে সবাই কার্তিক মহারাজ নামেই চেনেন। মমতা বন্দ্যোপাধ্যায়ের বক্তব্যে মমতাহানি হয়েছে বলে চিঠিতে উল্লেখ করেছেন কার্তিক মহারাজ। তাঁর দাবি, মুখ্যমন্ত্রীর বক্তব্যের কোনও সারবস্তু নেই। সম্মানহানির চেষ্টায় তিনি অসত্য এবং বিভ্রান্তিমূলক মন্তব্য করেছেন। আগামী চার দিনের মধ্যে মমতাকে কাছ থেকে তাঁর ‘বিতর্কিত’ মন্তব্যের জবাব চাওয়া হয়েছে। বাংলার মুখ্যমন্ত্রীকে অবিলম্বে নিঃশর্ত ক্ষমা চাইতে হবে, এমনই দাবি কার্তিক মহারাজের। সোমবার সকালে এক্স ভ্যানেল ওই চিঠিটি পোস্ট করেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। কার্তিক মহারাজের আইনি নোটিস পাঠানোর সিদ্ধান্তকে সাহসী পদক্ষেপ বলে উল্লেখ করেন তিনি। গত শনিবার মমতা বন্দ্যোপাধ্যায়ের আরামবাগের গোষাটের ভাষণকে কেন্দ্র করেই বিতর্কের সূত্রপাত। তৃণমূল নেত্রী তাঁর বক্তৃতায় বাংলার সাধু সমাজের একাংশের উদ্দেশ্যে তোপ দেগে বলেন। ইয়কন, ভারত সেবাশ্রম সংঘ এমনকি রামকৃষ্ণ মিশনেরও বাদ দেননি তিনি। মমতা বলেন, “সব সজ্জন সমান হয় না। সব সাধুও নয়। আমাদের মধ্যে কি সবাই সমান আছে? আমি আইডেন্টিফাই করেছি বলেই বলছি।” কার্তিক মহারাজকে উদ্দেশ্য করে সেই সভামঞ্চ থেকেই মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, “আমি ভারত সেবাশ্রম সংঘকে অনেক সম্মান করতাম কিন্তু যে লোকটা তৃণমূলের এজেন্টকে বসতে দেন না তাকে আমি সাধু বলে মনে করি না।” বাংলায় নির্বাচনী প্রচারে এসে মমতার সম্মানীদের সঙ্গে রাজনীতির যোগের অভিযোগের মন্তব্যকে লুপ্তে নেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। রবিবার পুন্ডলিয়ায় সমস্ত প্রধানমন্ত্রী বলেন, “বাংলার মুখ্যমন্ত্রী ইয়কন, ভারত সেবাশ্রম সংঘ ও রামকৃষ্ণ মিশনের হুমকি দিচ্ছেন। গোটা দুনিয়ায় তাঁদের ভক্তরা রয়েছে। তারা সেবার কাজ করে চলেছেন। কিন্তু বাংলার সরকার তাদের দিকে আঙুল তুলছে। তাদের নাম নিয়ে হুমকি দেওয়া হচ্ছে। এত সাহস।” মোদির কথায়, নিজের ভোট ব্যান্ধকে খুশি করতে তৃণমূলের তোষণের রাজনীতিতে এত নিচে নেমে গেছে।

এই ধরনের
বিস্ত্রাপন দেওয়া
যাবে না হাইকোর্টে

দুরন্ত বার্তা, কলকাতা, ২০ মেঃ সোমবার দেশে পঞ্চম দফার ভোটের মধ্যেই বিজ্ঞাপন নিয়ে বিজেপিকে বিশেষ নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। ভোটের আগে সব দলই বিজ্ঞাপন দিচ্ছে সংবাদমাধ্যম সহ বিভিন্ন জায়গায়। সেই বিজ্ঞাপনে এবার বাধা! বিজেপির কয়েকটি বিজ্ঞাপন ঘিরে অভিযোগ উঠেছিল। সেই ধরনের বিজ্ঞাপন আর দেওয়া যাবে না বলে নির্দেশ দেওয়া হয়েছে। তৃণমূলের করা এই মামলায় সোমবার এমনই নির্দেশ দেন হাইকোর্টের বিচারপতি সব্যসাচী ভট্টাচার্য। অর্থাৎ বিজেপির নির্বাচনী বিজ্ঞাপনে অন্তর্ভুক্তি স্থগিতাদেশ দিল কলকাতা হাইকোর্ট। বিজ্ঞাপনের তারিখ উল্লেখ করে অন্তর্ভুক্তি নির্দেশ দেওয়া হয়েছে। গত ৪, ৫, ১০ এবং ১২ মে বিভিন্ন সংবাদপত্রে বিজেপি যে বিজ্ঞাপন প্রকাশ করেছে সেগুলি নিয়ে প্রশ্ন ওঠে। তৃণমূলের অভিযোগ ছিল, তৃণমূলকে নিশানা করতে গিয়ে বিজেপি রাজ্য সরকারকে আক্রমণ করেছে। বিচারপতির নির্দেশ, ওই ধরনের কোনও ‘আনডেরিফায়েড’ বিজ্ঞাপন প্রকাশ করতে পারবে না বিজেপি।

দাঙ্গা করিয়েছেন, মসজিদ ভেঙেছেন

কার্তিক মহারাজকে ফের বেলাগাম আক্রমণ মমতার

দুরন্ত বার্তা, পাঁশকুড়া ও বাঁকুড়া, ২০ মেঃ লোকসভা নির্বাচনের প্রচারে আজ পাঁশকুড়ায় নির্বাচনী জনসভায় মমতা বন্দ্যোপাধ্যায়ের বক্তব্যে উঠে এলো বাম জমানার সন্ত্রাসের ইতিহাস। সেই সঙ্গে বিধলেন বিজেপিকে। আবহাওয়া খারাপ হয়ে আসায় ১৫ মিনিটও ভাষণ দেননি মমতা। তার মধ্যেই নাম না করে বিধলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ও রাজ্যপাল সিডি আনন্দ বোসকে। নন্দীগ্রাম আদালতের কথা বলতে গিয়ে মমতা বলেন, “বারবার রাস্তায় আটকানো হচ্ছিল। কোলাঘাটে রাত ২টো অবধি দাঁড়িয়ে ছিলাম। মদ খেয়ে পেট্রোল বোমা নিয়ে সিপিআইএমের হামলাগুলো আমার গাড়ি ঘিরে দাঁড়িয়ে ছিল। তারা সকলেই এখন বিজেপির ওস্তাদ। আরও টাকা চাই, প্রোটেকশন চাই।” মমতার কথায়, “আমি যাতে নন্দীগ্রামে যেতে না পারি সে কারণেই গাড়ি ঘিরে রেখেছিল। আমার উপর অত্যাচার করতো। আমি রিদিদন কৃতজ্ঞ থাকব গোপালকৃষ্ণ গান্ধীর প্রতি। তিনি বাংলার রাজ্যপাল ছিলেন। বিশিষ্ট মানুষ। এককের রাজ্যপালেও কথা বলব না। রাজ্য রয়েছে, পালের গোদটা হারিয়ে গিয়েছে।” মমতা বলেন, “গোপালকৃষ্ণ গান্ধী বিরোধী দলনেতাকে দিয়ে বার্তা পাঠিয়েছিলেন। এখনকার অপদার্থটা নয়, তখনকার তৃণমূলের। বিরোধী



দলনেতার কাছ থেকে জানতে পারি রাজ্যপালের বার্তা প্রসঙ্গে। তিনি বলেছিলেন, রাতে সরে যেতে। না হলে পেট্রোল বোমা দিয়ে মেরে ফেলবে। পুলিশ কিছু করবে না। সিপিআইএম যা বলে পুলিশ তা-ই করে। এখন তো সব পুলিশকে গালাগালি দিয়ে বেড়াও। সেই পুলিশই প্রোটেকশন দিয়ে রেখেছে। কতজনের হাত কেটেছে, কান কেটেছে চোখ উপড়ে দিয়েছে?” মমতা ঘাটালের বিদায়ী সাংসদ তথা তৃণমূলের প্রার্থী দীপক অধিকারী (দেব)-এর সমর্থনে জনসভায় বলেন, “এটা দিল্লির ভোট। আমরা চাই আপনাদের একটা ভোটে আমাদের সব এমপিকে জেতাতে। যাতে ইতিবা জোট যে সরকার গভবে তাকে সম্পূর্ণভাবে হেঁচক করব। মোদিরাবাদের গ্যারান্টি নেই।” পাঁশকুড়া, কেশপুর-সহ পশ্চিম মেদিনীপুরের বিভিন্ন নেতা-কর্মীদের কথা উল্লেখ করতে গিয়ে মমতা বলেন, “আমার জন্য ওঁরা তেলেভাজা, মুচি নিয়ে দাঁড়িয়ে থাকতো। তেলেভাজা মুচিটা খেতে ভালোবাসতাম। এখন আর খাওয়া হয় না। দিনে খাই একবার। রাতে তেলেভাজা মুচি খেলে তো খাওয়াটাই

আগে মর্শিদাবাদে তৈরি হওয়া দাঙ্গা পরিস্থিতির কারণ ব্যাখ্যা করতে গিয়ে সরাসরি কার্তিক মহারাজের নাম উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন, “রোজগারে খোঁচানো দাঙ্গা হয়েছে, সেখানেই ওনার আশ্রম। খবরে কিছু হানার ব্যবসায়ীকে উনি খেপিয়েছিলেন। ওনার আমিও রাখি। এলাকায় এলাকায় গিয়ে আপনি বিজেপি করে নেড়ান। আমি বলি, আপনি বিজেপি করুন। বুকে ব্যাচ লাগিয়ে করুন, লুকিয়ে লুকিয়ে কেন?” এরপরই জনতার উদ্দেশ্যে তৃণমূল নেত্রী বলেন, “আপনারা কী মনে করেন দাঙ্গা করলে ছেড়ে দেওয়া উচিত? জবাবও দিয়েছেন, বাংলায় আমি অশান্তি পাকাতে দেব না।” আরও বলেন, “এডিভেল ছাড়া আমি কথা বলি না।” মমতা এও বলেন, “আমি রামকৃষ্ণ মিশনের বিরুদ্ধে কেন হব? এই তো সেদিনও এক মহারাজ অসুস্থ হয়েছিলেন। আমি গিয়েছি। ওঁদের সঙ্গে আমার সম্পর্ক ভাল। বিবেকানন্দের বাড়ি আমি রক্ষা করেছি। সারদা মন্দিরে বাড়ি আমি রক্ষা করেছি। ভগিনি নিবেদিতার বাড়ি আমি বসিয়েছি। কিন্তু সবাই একরকম নয়। আমি সেটাই বলেছি।”

আমদাবাদে ৪ আইসিস জঙ্গিকে গ্রেফতার করল এটিএস

আমদাবাদ, ২০ মেঃ আমদাবাদ বিমানবন্দর থেকে চার আইসিস জঙ্গিকে গ্রেফতার করা হল। সোমবার গুজরাটের অ্যাটি-টেরিভিজম স্কোয়াডের (সফ্রাসদমন শাখা) তরফে জানানো হয়েছে, ওই চারজন শ্রীলঙ্কার নাগরিক। উল্লেখ্য, আগামিকাল আমদাবাদে আইপিএলের প্রথম কোয়ালিফায়ার (কলকাতা নাইট রাইডার্স বনাম ম্যানরিজার্গ হায়দরাবাদ) আছে। বুধবার এলিমিনেটরের ম্যাচও (রাজস্থান রয়্যালস বনাম রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু) হবে আমদাবাদে। তারপর আগামী ৪ জুন লোকসভা নির্বাচনের ভোটগণনা হবে। সেই পরিস্থিতিতে আমদাবাদের সর্বদা ব্লকভাই প্যাট্রল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে গার আইসিস জঙ্গি ধরা পড়ায় উদ্বেগ তৈরি হয়েছে। যদিও ওই জঙ্গিদের বিরুদ্ধে আপাতত বিস্তারিতভাবে কিছু জানানো হয়নি। জঙ্গিদের গন্যব্য কোথায় ছিল, আমদাবাদে আসার সময় ধরা হয়েছে নাকি আমদাবাদ ছেড়ে বেরিয়ে যাওয়ার সময় ধরা হয়েছে, সেই সংক্রান্ত বিষয় নিয়ে আপাতত কোনও মন্তব্য করেনি

গুজরাটের এটিএস। জানা যায়নি জঙ্গিদের উদ্দেশ্য। একাধিক রিপোর্ট অনুযায়ী, আপাতত জঙ্গিদের জেরা করা হচ্ছে। কিন্তু কোথায় নিয়ে গিয়ে তাদের জেরা করা হচ্ছে, তা নিয়ে গুজরাট এটিএসের তরফে কোনও মন্তব্য করা হয়নি। তারইমধ্যে আমদাবাদ বিমানবন্দরের নিরাপত্তা আরও জোরদার করা হয়েছে। গত মার্চেই অসমের ধুরি থেকে দুই আইসিস (ইসলামিক স্টেট অফ ইরাক অ্যান্ড সিরিয়া) জঙ্গিকে গ্রেফতার করা হয়েছিল। সীমান্ত পরিদেয় বাংলাদেশ থেকে ভারতে আসার পরই ধরা পড়েছিল তারা। হরিশ আজমল ফারুকী উত্তরাখণ্ডের দেবাদুনের বাসিন্দা ছিল। আর হরিয়ানার বাসিন্দা ছিল অপর জঙ্গি অনুরাগ সিং ওরফে রেহানা। তারা ভারতের আইসিসের শাখাংশখা বিস্তারের কাজ চালাচ্ছিল। জঙ্গি নিয়োগ করছিল। সন্ত্রাসবাদ চালিয়ে যাওয়ার জন্য জোগাড় করছিল অর্থ। সেইসঙ্গে আইইডি ব্যবহার করে হামলা চালাবার পরিকল্পনাও ছিল। সেইসময় অসম পুলিশের তরফে জানানো হয়েছিল যে ভারতে আইসিসের প্রধান হল আজমল।

ধমকের পরেই ‘লডাকু সিপাহি’ অধীরকে কাছে টেনে নিলেন কংগ্রেস সেনাপতি মল্লিকার্জুন খাড়ে

নয়াডিল্লি, ২০ মেঃ যথার্থ সেনাপতির মতোই ধমক দেওয়ার দুদিনের মধ্যে অধীর চৌধুরীকে ‘লডাকু সিপাহি’ বলে কাছে টেনে নিলেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়ে। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে বিশ্বাস করেন না অধীরা তাঁর এই অভিমতের পরেই গত শনিবার বিদায়ী লোকসভার বিরোধী দলনেতাকে বকাবকা করেন খাড়ে। কিন্তু, সোমবার রাজ্য কংগ্রেস সভাপতিকে ফের কলকাতা হাইকোর্ট। বিজ্ঞাপনের তারিখ উল্লেখ করে অন্তর্ভুক্তি নির্দেশ দেওয়া হয়েছে। গত ৪, ৫, ১০ এবং ১২ মে বিভিন্ন সংবাদপত্রে বিজেপি যে বিজ্ঞাপন প্রকাশ করেছে সেগুলি নিয়ে প্রশ্ন ওঠে। তৃণমূলের অভিযোগ ছিল, তৃণমূলকে নিশানা করতে গিয়ে বিজেপি রাজ্য সরকারকে আক্রমণ করেছে। বিচারপতির নির্দেশ, ওই ধরনের কোনও ‘আনডেরিফায়েড’ বিজ্ঞাপন প্রকাশ করতে পারবে না বিজেপি।

অধীরেরও অভিযোগ, মমতা বন্দ্যোপাধ্যায় বাংলা কংগ্রেসকে ধ্বংস করতে উঠেপড়ে লেগেছেন। কিন্তু, একজন সাচ্চা কংগ্রেসি হিসেবে তিনি তা হতে দেবেন না। মমতার সঙ্গে বিজেপির যোগসাজশ নিয়েও কটাক্ষ করেন অধীরা। মমতার নাম না করে খাড়ে বলেন, “কংগ্রেসের সঙ্গে বামদের জোট নিয়ে অনেক তৃণমূল নেতারা কথা বলছেন। কিন্তু বাংলায় যা হয়েছে, তা কংগ্রেস হাইকমান্ডের সিদ্ধান্ত। কংগ্রেস-বাম জোট নিয়ে এগিয়ে চলা হবে।” উল্লেখ্য, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঘোরতর সমালোচক রাজ্য



কংগ্রেস নেতা অধীর চৌধুরীকে গত শনিবারই সতর্ক করে দেন খাড়ে। অধীরকে হুঁশিয়ারি দিয়ে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়ে জানিয়ে দেন, তৃণমূল নেত্রীর ইন্ডিয়া জোট থেকে বিজেপির যোগসাজশ নিয়েও কটাক্ষ করেন অধীর। মমতার নাম না করে খাড়ে বলেন, “কংগ্রেসের সঙ্গে বামদের জোট নিয়ে অনেক তৃণমূল নেতারা কথা বলছেন। কিন্তু বাংলায় যা হয়েছে, তা কংগ্রেস হাইকমান্ডের সিদ্ধান্ত। কংগ্রেস-বাম জোট নিয়ে এগিয়ে চলা হবে।” উল্লেখ্য, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঘোরতর সমালোচক রাজ্য

অধীরকে কে দিয়েছে? মমতা নিয়ে যা বলার দল বলবে, দল ঠিক করবে। কারও না পোষালে বেরিয়ে যেতে হবে। এর প্রত্যুত্তরে রাজ্য কংগ্রেস সভাপতি অধীর সেদিনই বলেন, “আমার বিরোধিতা নৈতিক বিরোধিতা। কংগ্রেসকে উচিত খতম করতে, আমি তাকে খাতির করব, তা তো হতে পারে

ভোটের শুরু থেকে ব্যারাকপুরে বিক্ষিপ্ত অভিযোগ, ‘খেলা বন্ধ করুন’, পার্থকে হুঁশিয়ারি অর্জুনের

দুরন্ত বার্তা, ব্যারাকপুর, ২০ মেঃ ভোট হবে আর ব্যারাকপুরে অশান্তি হবে না, এমনটা হয়তো কেউ কল্পনাও করে না। বাংলায় পঞ্চম দফা ভোট শুরু হওয়া থেকেই এই কেন্দ্রে উত্তেজনা ছড়িয়েছে। সকাল থেকেই বিক্ষিপ্ত অশান্তির ঘটনা ঘটেছে ব্যারাকপুরে। বাড়ি থেকে ভোট দিতে বেরিয়েই তৃণমূল প্রার্থীকে সতর্ক করেছিলেন অর্জুন সিং। পরে তাঁর বিরুদ্ধে গো-ব্যাচ স্লোগানে উত্তেজনা বাড়তে। সকালে নিজের বুথে ভোট দিতে যান অর্জুন সিং। এরপর সরাসরি তাঁর প্রতিদ্বন্দ্বী তৃণমূলের পার্থ ভৌমিকের বিরুদ্ধে অশান্তির অভিযোগ তোলেন অর্জুন। হুঁশিয়ারি দিয়ে বলেন, “খেলা বন্ধ করুন।” এদিন সকালে বাড়ি থেকে ভোট দিতে বেরিয়ে ছল্লার ছাড়েন অর্জুন সিং। তিনি জানিয়েছেন, ১২৬ নম্বর বুথে পোলিং এজেন্টকে ঢুকতে দেওয়া হয়নি। ১৯৮ ও ৯৯ নম্বর বুথে কেন্দ্রীয় বাহিনী নেই, সেখানেও বিজেপির পোলিং এজেন্টকে বসতে দেওয়া হয়নি। পার্থ ভৌমিকের নির্দেশেই এসব কাজ হচ্ছে বলে অভিযোগ বিজেপি প্রার্থীরা। যদিও অর্জুনের সব অভিযোগই উড়িয়ে দিয়েছেন পার্থ ভৌমিকা। ভোটের সকালে বেরিয়ে প্রথমেই নৈহাটিস বড় মার মন্দিরে পূজা দেন তৃণমূল প্রার্থী। “ভোট ভালোই হচ্ছে”, বলেন তিনি। বীজপুর বিধানসভার বাবু রুক এলাকার তিন নম্বর বুথ জ্যাম করার অভিযোগ উঠেছিল। সেই অভিযোগ পেয়েই ঘটনাস্থলে যান ব্যারাকপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অর্জুন সিং। তিনি পৌঁছালে তাকে লক্ষ্য করে ‘মূর্খবাদ’ এবং ‘গো-ব্যাচ’ স্লোগান দেওয়া হয়। তাকে ঘিরে বিক্ষোভ দেখাতে বৃথ জ্যাম করছে একাধিক কর্মী-সমর্থকরা। তবে বিজেপির পাণ্টা অভিযোগ, তৃণমূল কর্মীরা এক মহিলা বিজেপি কর্মীরা মাথা ঝাটিয়ে দিয়েছে। যদিও সেই অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল। অর্জুনকে কেন্দ্র করে বেশিরভাগ মহিলা তৃণমূল কর্মীই বিক্ষোভ দেখান। তাদের অভিযোগ, প্রার্থীর মদত্রেই বৃথ জ্যাম করছে বিজেপি। তার প্রতিবাদ করলে পাণ্টা মারধরের হুমকি দেওয়া হয়েছে। অন্যদিকে, ব্যারাকপুর লোকসভা কেন্দ্রের টিটাগড়ে ভোট শুরুর খানিকক্ষণের মধ্যে ২১৫ নম্বর বুথে উত্তেজনা ছড়ায়। অভিযোগ, নিজেকে এজেন্ট পরিচয় দিয়ে ভোটকেন্দ্রের ভেতরে ঢুকেছিলেন ওই ব্যক্তি। কিন্তু ওই ব্যক্তি ওই বুথের ভোটের নয় বলেও অভিযোগ ওঠে। কেন্দ্রীয় বাহিনী সন্দেহ হওয়ায় তাকে সেই বুথ কেন্দ্র থেকে বের করে দেয়। ঘটনাকে কেন্দ্র করে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনীর সঙ্গে তর্কাতর্কিতে জড়িয়ে পড়ে বিজেপি কর্মীরা। ব্যারাকপুর লোকসভা কেন্দ্রের অন্তর্গত সাতটি বিধানসভা কেন্দ্র হল ব্যারাকপুর, আমতাঙা, জগদল, মেহাটি, বীজপুর, ভটিপাড়া এবং নোয়াপাড়া।

উত্তপ্ত ধনেখালি একদম মুখোমুখি লকেট-অসীমা, একজন বললেন ‘চোর’, অন্যজন ‘ডাকাত’

দুরন্ত বার্তা, ধনেখালি, ২০ মেঃ আজ, সোমবার লোকসভা নির্বাচনের পঞ্চম দফার ভোট শুরু হয়েছে। ভোটপঞ্চমীতে নানা অভিযোগও উঠতে শুরু করেছে। এই আবহে হুগলির ধনেখালিতে তৃণমূল কংগ্রেস বিধায়ক অসীমা পাত্রের সঙ্গে বচসায় জড়ালেন বিজেপি প্রার্থী লকেট চট্টোপাধ্যায়। দু’জনেই ‘দু’জনকে ঘিরে চোর স্লোগান দিতে থাকেন। তাতে এলাকায় উত্তেজনা চরমে ওঠে। এই ঘটনাকে কেন্দ্র করে দু’পক্ষেরই কর্মীরা জড়ো হয়ে পরস্পরকে চোর বলতে থাকেন। আধ ঘণ্টারও বেশি সময় ধরে এই পরিস্থিতি চলতে



থাকে। কোনওরকমে দু’পক্ষকে ঠেকিয়ে রাখে কেন্দ্রীয় বাহিনী এবং পুলিশকর্মীরা। কিন্তু এভাবে যথেষ্ট থাকেনি এই ঘটনা। লকেট চট্টোপাধ্যায়কে চোর চোর স্লোগান শুনেতে হয়। তখন লকেট চট্টোপাধ্যায় পাণ্টা অসীমা পাত্রকে উদ্দেশ্য করে চোর বলে সম্বোধন করেন। তখনই পরিস্থিতি তেতে ওঠে। পাণ্টা লকেটকে ডাকাত বলে ডাকতে থাকেন অসীমা পাত্র। হুগলির ধনেখালিতে তখন তুমুল উত্তেজনা। তৃণমূল কংগ্রেসের বিক্ষোভের মূলে পড়েন বিজেপি প্রার্থী অসীমা পাত্রকে ‘চোর’ বলে কটাক্ষ করেন লকেট। পাণ্টা বিজেপি প্রার্থীকে ‘ডাকাত’ বলে ডাকতে থাকেন অসীমা। এই পরিস্থিতি নিয়ে লকেট সরব হন। তখন তৃণমূল কংগ্রেস কর্মীরা পাণ্টা সোজার হয়ে ওঠেন। এই ঘটনা চারিদিকে ছড়িয়ে পড়ে। লকেট চট্টোপাধ্যায় রাস্তায় নেমে নানা সমস্যা তৈরি করলেও প্রতিদ্বন্দ্বী প্রার্থী রানা বন্দ্যোপাধ্যায়কে নিয়ে কোনও সমস্যা দেখা যায়নি। তিনি নিজের মতো আসেন এবং ভোট দেন। সাংবাদিকদের সঙ্গে কথা বলে চলে যান। রানা বলেন, “বিজেপি আর জিতবে না বলেই এখন নানা

ছলের আশ্রয় নিচ্ছে। তবে তৃণমূল কংগ্রেস নেতৃত্ব হাত গুটিয়ে বসে নেই। সব দেখছেন এবং উপযুক্ত পদক্ষেপ করছেন।” বুথের ভিতরে ঢুকে লকেটকে আঙুল উঠিয়ে পুলিশকে হুমকি দিতে দেখা যায়। আঙুল উঠিয়ে লকেটকে বলতে থাকেন, “রাজ্য পুলিশের সকলে এখনই বহিরে চলে যান। ভিতরে কেউ থাকবেন না।” এখানেই শেষ নয়, আরও সোচ্চার হতে দেখা যায় লকেটকে। বিজেপি প্রার্থী চিংকার করে বলেন, “চোরগুলো ভোট লুট করতে এসেছে। এজেন্ট বলে পরিচয় দিয়ে ভোট লুট করছে এসেছে। বেপেধের মধ্যে তারা বসে

আছে। কোনও নথি তাদের কাছে নেই। বলছে তৃণমূলের এজেন্ট, তৃণমূলের রিলিভার। একটা কার্ড বা ফর্ম তো দেখাবো। কিছুই নেই। বড় বড় বাতেলা দিচ্ছে।” তবে তৃণমূল কংগ্রেস প্রার্থী রানা বন্দ্যোপাধ্যায় বলেন, “লকেট অভিযোগের বুড়ি। এত অভিযোগ করলে ভোট হবে কী করে?” লকেট-অসীমার ঘটনার পরই লকেট চট্টোপাধ্যায়কে ডিডিয়ে কল করে পরিস্থিতির সম্পর্কে জানেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তৃণমূল লকেটকে থেকে ‘গো-ব্যাচ’ স্লোগান দেয়। বিজেপি তখন ‘চোর-চোর’ স্লোগান দেয়। এই বিষয়ে অসীমা বলেন, “ডাকাত, এটা আমার বাড়ি। উনি নাকি করতে এসেছেন। লকেট ডাকাত, ডাকাত।” অন্যদিকে ভোটের সকালে বিক্ষোভের দাবি বিজেপির বিদায়ী সাংসদ লকেট চট্টোপাধ্যায়ের। লকেট হুগলির বিজেপি প্রার্থী, অন্যদিকে রানা বন্দ্যোপাধ্যায়কে প্রার্থী কনেকে তৃণমূল। সোমবার লকেট ভোটের হালহাক্কিতে খোঁজ নিতে বেরিয়ে বলেন, বিজেপিতে আসতে হবে রানা বন্দ্যোপাধ্যায়কে। যদিও রানা এ কথা শুনে হেসে লুটিয়ে পড়েন।

গণতন্ত্রে ভোটদান অত্যন্ত গুরুত্বপূর্ণঃ সাধ্বী নিরঞ্জন জ্যোতি

হামিরপুর, ২০ মে : গণতান্ত্রিক উৎসবে সামিল হলেন কেন্দ্রীয়মন্ত্রী তথা বিজেপি নেত্রী সাধ্বী নিরঞ্জন জ্যোতি। সোমবার সকালে উত্তর প্রদেশের হামিরপুরের একটি ভোট কেন্দ্রে গিয়ে নিজের ভোটাদিকার প্রয়োগ করেছেন সাধ্বী নিরঞ্জন জ্যোতি। ভোট দেওয়ার পর তিনি বলেন, গণতন্ত্রে ভোটদান অত্যন্ত গুরুত্বপূর্ণ।সাংবাদিকদের মুখোমুখি হয়ে সাধ্বী নিরঞ্জন জ্যোতি বলেছেন, ভোটদান একটি জাতীয় উৎসব এবং জনগণ নিজেদের প্রতিনিধি নির্বাচনের অধিকার রাখে। আমি জনগণের কাছে আবেদন জানাই, দেশের উন্নয়নের জন্য এবং দেশের আধ্যাত্মিক ও ধর্মীয় ঐতিহ্যের সংরক্ষণের জন্য ভোট দিন। ‘জৈ রাম কো লায়ে হায়া। হাম উকো লায়েন্দে।

সম্মিতের সমর্থনে পুরীতে রোড শো মৌদীর, জনসমুদ্রের সাক্ষী জগন্নাথ ধাম



পুরী, ২০ মেঃপুরী সংসদীয় আসনের বিজেপি প্রাধী সম্মিত পাত্রের সমর্থনে জগন্নাথ ধাম পুরীতে বিরাট এক রোড শো করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সাতসকালে বিরাট এক জনসমুদ্রের সাক্ষী থাকল পুরী। রোড শো-র পাশাপাশি জগন্নাথ মন্দিরে গিয়ে পূজার্চনাও করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সোমবার খুব সকালে জগন্নাথ মন্দিরে গিয়ে পূজো দেন প্রধানমন্ত্রী মোদী, পরে তিনি সম্মিত পাত্রের সমর্থনে রোড শো। প্রধানমন্ত্রীকে একঝলক দেখার জন্য রাস্তার দুই ধারে উপস্থিতি ছিল বিপুল সংখ্যক মানুষের।প্রধানমন্ত্রী মোদী এঞ্জ মাধ্যমে জানিয়েছেন, ধন্যবাদ পুরী। আমি দেবত্ব ও সংস্কৃতির সঙ্গে সম্পর্কিত এই সুন্দর স্থানের প্রতি কৃতজ্ঞতা জানাই। সকালের রোড শো ছিল দর্শনীয়। উত্তাপ জনতাকে আসতে ও আমাদের আশীর্বাদ দেওয়ার ক্ষেত্রে বাধা হতে পারেনি। এই আশীর্বাদ আমাদের জনগণের জন্য আরও কঠোর পরিশ্রম করতে অনুপ্রাণিত করে।

হিন্দুনিধন দিবস

কলকাতা, ২০ মে : আপনি হয়তো জানেন না। ২০মে, চুকনগর দিবস। এই মন্তব্য করে এই বিশেষ দিবস স্মরণ করলেন প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়।সোমবার তথাগতবাবু এঞ্জ হাভুলে লিখেছেন, একটি নিরস্ত্র নিরপরাধ নিরীহ অসহায় জনগোষ্ঠীর আন্দাজ দশ হাজার মানুষকে, যাদের মধ্যে ছিল প্রচুর নারী ও শিশু, ১৯৭১ সালে এই দিনটিতে সাবেক পূর্ব পাকিস্তানের খুলনা জেলার চুকনগর গ্রামে গণহত্যা করেছিল পাকিস্তানী সেনাবাহিনী। এরা কারো কোনো ক্ষতি করেনি, এদের একমাত্র অপরাধ ছিল এরা হিন্দু। জড় হয়েছিল, প্রাপের ভয়ে, মাত্র চল্লিশ কিলোমিটার দূরে ভারতের বসিরহাটে পালাবার উদ্দেশ্যে। পাকিস্তানপন্থী বাঙালি মুসলমান রাজাকারেরা এই খবর যশোরে পাকিস্তানী সৈন্যধায়েতে পৌঁছে দেয়। তারপরে নির্বিচারে গুলি চলে। গুলি শেষ হয়ে যাবার পর সৈন্য ও রাজাকারেরা পিটিয়ে, খুঁটিয়ে বহু হিন্দু হত্যা করে। পাশ দিয়ে বহমান ভদ্রা নদীর জল লাল হয়ে গিয়েছিল হিন্দুর রক্তে।এরা ছিল আমার-আপনার মতই বাঙালি হিন্দু। এককেটাট চোখের জল ফেলুন এদের জন্য। এই কাহিনী লিপিবদ্ধ করেছেন বাংলাদেশের প্রাতঃ স্মরণীয় উদারপন্থী লেখক মুনতাসির মামুন। তাঁকে প্রণাম জানাই।

সময় পরিবর্তন এক্সপ্রেস ট্রেনের

রাঁচি, ২০ মেঃ লিংক রেকের দেরির কারণে সুরাট - মালদা টাউন এক্সপ্রেস ট্রেনটির সময় পরিবর্তন করা হয়েছে। রেল দফতর সূত্রে প্রাপ্ত তথ্য অনুযায়ী, সোমবার ট্রেন নম্বর ১৬৪২৬ সুরাট - মালদা টাউন এক্সপ্রেসের যাত্রা শুরু করার সময় বদল হয়েছে।ট্রেনটির নির্ধারিত সময়ের ২০পর ২২২০-র পরিবর্তে, মঙ্গলবার দুপুর ১২ বেজে ২০ মিনিটে সুরাট স্টেশন থেকে ছাড়বে।

লখনউতে ভোট দিলেন রাজনাথ সিং, নির্বাচনে তাঁর লড়াই সপা-র রবিদাসের সঙ্গে

লখনউ, ২০ মেঃ লখনউতে নিজের ভোটাদিধিকার প্রয়োগ করলেন প্রতিরক্ষা মন্ত্রী তথা লখনউ সংসদীয় আসনের বিজেপি প্রাধী রাজনাথ সিং। সোমবার সপরিবারের লখনউয়ের একটি পোলিং বুথে গিয়ে ভোট দিয়েছেন রাজনাথ সিং। এই আসনে রাজনাথের লড়াই সমাজবাদী পার্টির প্রাধী রবিদাস মেহরোত্র-র সঙ্গে।নিজের ভোটাদিধিকার প্রয়োগ করার পর প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, আমি দেশের ভোটারদের কাছে অনুরোধ করছি, নিজেদের পরিবারের সদস্যদের সঙ্গে ভোট দেওয়ার জন্য। জনগণের কাছে বিপুল সংখ্যক ভোট দেওয়ার অনুরোধ জানান রাজনাথ সিং। অন্যদিকে লোকসভা নির্বাচনের পঞ্চম দফায় নিজের ভোটাদিধিকার প্রয়োগ করলেন অভিনেতা অক্ষয় কুমার। সোমবার সকাল সকালই ভোট দেন অভিনেতা অক্ষয় কুমার। মুম্বইয়ের এক ভোট কেন্দ্রে নিজের ভোটাদিধিকার প্রয়োগ করেন তিনি।

নিজেও ভোট দেন এবং অন্যদেরও ভোট দেওয়ার আহ্বান জানান তিনি।ভোট দিয়ে বেরিয়ে অভিনেতা অক্ষয় কুমার বলেন, ‘ চাই আমার ভোটারে হার ভালো হবেই না।আশা প্রকাশ করেছেন অভিনেতা অক্ষয় কুমার। অন্যদিকে ভোট উগতবে সামিল হয়ে নিজের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করলেন অভিনেতা রাজকুমার রাও। সোমবার সকালে ভোটগ্রহণ শুরু হওয়ার কিছুক্ষনের মধ্যেই মুম্বইয়ের একটি




বৃথকেন্দ্রে গিয়ে ভোট দিয়েছেন রাজকুমার রাও। ভোট দেওয়ার পর অভিনেতা বলেন, ভোট দেওয়া দেশের প্রতি একটি বা দায়িত্ব। অভিনেতা রাজকুমার রাও এদিন বলেছেন, ভোট দেওয়া দেশের প্রতি আমাদের একটি বড় দায়িত্ব, আমাদের ভোট দেওয়া উচিত। আমাদের মাধ্যমে যদি জনগণ অনুপ্রাণিত হতে পারে, তবে অবশ্যই এটি সবচেয়ে বড় ব্যাপার। নির্বাচন কমিশন আমাদের জাতীয় আইকন হিসাবে বেছে নিয়েছে, এ জন্য আমি ভীষণ খুশি। আমি সকলের কাছে আবেদন করছি, দয়া করে বেরিয়ে আসুন এবং নিজের ভোট দিন। আমার সবাই চাই আমাদের দেশ উজ্জ্বল হোক, ইতিমধ্যেই বাকমকর করছে আমি নিশ্চিত যে দেশ আরও উজ্জ্বল হবে।অন্যদিকে মুম্বই উত্তর লোকসভা আসনের বিজেপি প্রাধী তথা কেন্দ্রীয় মন্ত্রী পীযুষ গোয়েল নিজের ভোটাদিধিকার প্রয়োগ করলেন। সোমবার সকালে ভোট দিয়ে বেরিয়ে তিনি বলেন, ‘ মনে করি মুম্বইবাসী আজ বাড়ি থেকে

বেরিয়ে আসবেন এবং রেকর্ড সংখ্যায় ভোটাদিধিকার প্রয়োগ করবেন।’পীযুষ গোয়েল বলেছেন, এই নির্বাচন আমাদের অনেক মানুষের সঙ্গে দেখা করার এবং তাঁদের আশীর্বাদ পাওয়ার সুযোগ দিয়েছে। একজন মুম্বইবাসী হওয়ার কারণে জনতা আমাদের যেভাবে আতিথেয়তা দিয়েছেন, তা একটি চমকানু অভূত। আমার পরিবারের সদস্যরা নিজেদের ভোটাদিধিকার প্রয়োগ করতে বিশেষ থেকে এসেছেন।পীযুষ গোয়েল আরও বলেছেন, পঞ্চম দফার ভোট মুম্বই এবং দেশের বাকি অংশে চলছে। ঠিক যেমন প্রধানমন্ত্রী মোদী বলেছেন, সকলের গণতন্ত্রের উৎসবে অংশ নেওয়া উচিত। আমি বিশ্বাস করি যে মুম্বইয়ের জনগণ বিপুল সংখ্যায় বেরিয়ে আসবেন এবং নিজেদের ভোটাদিধিকার প্রয়োগ করবেন। অন্যদিকে মুম্বইয়ে ভোট উৎসবে সামিল হলেন ভারতের ভোটার। সকাল সকালে ভোট দিলেন অভিনেতা ফারহান আখতার, ভোট দিয়েছেন জাহ্নবী কাপুর, সানিয়া মালহোত্রা প্রমুখ। সোমবার সকালে

মৌদীর সভার পরেই খড়গপুরে উদ্ধার লাখ লাখ টাকা, বিজেপির দাবি, ওই অর্থ তাদেরই

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সভা করে চলে যাওয়ার কয়েক ঘণ্টার ব্যবধানে খড়গপুর গ্রামীণ থানার সাহাচক এলাকার একটি লুজে অভিযান চালিয়ে প্রায় ৬২ লক্ষ টাকা পেল পুলিশ। নির্বাচন কমিশনের আধিকারিকদের সঙ্গে জাতীয় সড়কের ধারের হোটেল এবং লজগুলিতে অভিযান করে খড়গপুর গ্রামীণ থানার পুলিশ। সেই অভিযানেই উদ্ধার হয়েছে ওই টাকাঘটনায় সর্বব তৃণমূল কংগ্রেস। এমনকি, ওই নেতাকে প্রধানমন্ত্রীর সভামঞ্চে দেখা গিয়েছে বলেও দাবি তৃণমুলেরসুজানা গিয়েছে, গোপন সূত্রে খবর পেয়ে খড়গপুরের এক হোটেলে পুলিশ তল্লাশি চালিয়ে উদ্ধার করা লাখ লাখ টাকা। এই ঘটনায় সমিত মণ্ডল নামে এক বিজেপি নেতাকে আটক করা হয়েছে। কোথা থেকে এল এত টাকা, তা নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। জিজ্ঞাসাবাদ করা হচ্ছে আটক বিজেপি নেতাকে।প্রায় ৬৪ লাখ টাকা উদ্ধার করা হয়েছে ওই বিজেপি নেতার কাছ থেকে। হোটেলের মধ্যে একটি ব্যাগে পাওয়া ছিল টাকার বান্ডিল। কাচো একটি ব্যাগের মধ্যে একটি কাপারে ব্যাগও ছিল। ওই হোটেলে এক বিজেপি নেতা এবং তাঁর গারি চালক ছিলেন বলে প্রাথমিক ভাবে জানা যায়। গত রবিবার বিকেলেই খড়গপুর শহরের নিমপুরা আর্ষ বিদ্যাপীঠের মাঠে বিজেপি প্রাধী



তেহরান, ২০ মে : হেলিকপ্টার ভেঙে মৃত্যু হল ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রইসি। মারা গিয়েছেন ওই হেলিকপ্টারে রইসির সহযাত্রী তথা সে দেশের বিদেশমন্ত্রী হুসাইন আমির-আব্দুল্লাহিয়ানও। ইরান সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে, ইরানের উত্তর-পশ্চিমে হেলিকপ্টার দুর্ঘটনায় মারা গিয়েছেন প্রেসিডেন্ট রইসি, বিদেশমন্ত্রী হোসেন আমির-আব্দুল্লাহিয়ান, পূর্ব আজারবাইজানের গভর্নর রহমতি, পূর্ব আজারবাইজানের ইমাম মোহাম্মদ আলি আলো-হাশেন এবং আরও বেশ কককজন যাত্রী।রইসি ও তাঁর সহযাত্রীরা আজারবাইজান সীমান্তের কাছে গিয়েছিলেন। সেখান থেকে ফেরার পথে দুর্ঘটনাটি ঘটে। তল্লাশি অভিযানে রাতেই সেনাবাহিনী নামিয়ে দিয়েছিল ইরান। হেঁটে কুয়াশাঢাকা দুর্গম পাহাড়ে তারা চপারের খোঁজ করে। অবহাওয়া-র প্রতিকূলতায় উদ্ধারকাজে সমস্যা হয়। তবে সোমবার সকালে অবশেষে চপারের

মুম্বইয়ের একটি ভোটকেন্দ্রে ভোট দিয়েছেন অভিনেতা ফারহান আখতার এবং পরিচালক জোয়া আখতার। অভিনেতা সানিয়া মালহোত্রা মুম্বইয়ের একটি ভোটকেন্দ্রে নিজের ভোটাদিধিকার প্রয়োগ করেন।বলিউড অভিনেত্রী জাহ্নবী কাপুরও মুম্বইয়ের একটি ভোট কেন্দ্রে ভোট দিয়েছেন। ভোট দেওয়ার পর জাহ্নবী বলেন, বইরে আসুন এবং ভোট দিন। প্রবীণ অভিনেত্রী শোভা ষাটেও মুম্বইয়ে ভোট দিয়েছেন। তিনি বলেন, আমি সচিক প্রাথীকে ভোট দিয়েছি। আমি বাড়িতে ভোট না দিয়ে এখানে ভোট দিয়েছি, যাতে মানুষ অনুপ্রাণিত হয় এবং বইরে এসে ভোট দেয়।অন্যদিকে গণতন্ত্রের উৎসবে সামিল হয়ে নিজেদের ভোটাদিধিকার প্রয়োগ করলেন অভিনেতা অনুপম খের ও অনিল কাপুর। সোমবার মুম্বইয়ে নিজেদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করেছেন অনুপম খের ও অনিল কাপুর। ভোট দেওয়ার পর অনুপম খের বলেনে, আজ গণতন্ত্রের উৎসব। আমাদের উচিত বইরে বেরিয়ে এসে, আগামী ৫ বছরের জন্য সরকার নির্বাচিত করার জন্য ভোট দেওয়া।অভিনেতা অনিল কাপুর ভোট দেওয়ার পর বলেছেন, আমি নিজের ভোট দিয়েছি। সমস্ত নাগরিকের উ চিত্ত নিজেদের ভোট দেওয়া। মিউ জিশিয়ান বিশাল দাদলানি এদিন ভোট দেওয়ার পর বলেছেন, মুম্বই হল দেশের আর্থিক রাজধানী। মুম্বাইকারদের দায়িত্ব হল বইরে এসে দেশের বাকি অংশকে পথ দেখানো। যারা আপনার জন্য কাজ করেছেন, তাদের ভোট দেওয়ার এটাই আমাদের সুযোগ। আমি সবাইকে বইরে এসে ভোট দেওয়ার জন্য অনুরোধ করছি।

রাজ্যে ’গণতন্ত্র বজায় রাখার’ জন্য বাংলার মানুষকে কৃতজ্ঞতা মমতার



দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃমা-মাটি-মানুষ দিবসে রাজ্যের মানুষকে শুভেচ্ছা জানানলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় । সোমবার পঞ্চম দফার ভোটের দিন ১৩ বছর আগের মুখ্যমন্ত্রীর শপথের কথা স্মরণ করে মানুষ যেভাবে অংশগ্রহণ করেছেন তার জন্য অভিনন্দনও জানিয়েছেন মুখ্যমন্ত্রী।মমতা তাঁর পোটে লেখেন, ‘ ১৩ বছর আগে এই দিনে আমি প্রথম বারের মতো মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিয়েছিলাম। রাজ্যের উন্নয়নের জন্য একটি পরিবর্তনমূলক যাত্রা শুরু করার সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গের জনগণের সেবা করার অঙ্গীকার করেছিলাম।’’ তাঁর উপর আস্থা রাখা এবং সমর্থনের জন্য ‘ মা-মাটি-মানুষকে কৃতজ্ঞতা জানান মুখ্যমন্ত্রী।ভোট প্রচারে গিয়ে তৃণমুলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ও বার বার ২০১১ সালের ২০ মে-র কথা মনে করিয়ে দিয়েছেন। তাঁকে বলতে শোনা গিয়েছে, ‘ ২০তারিখ দিনটা ঐতিহাসিক। ২০১১ সালের ২০ মে ৬৪ বছরের বাম অপশাসনের অবসান ঘটিয়ে প্রথম বার বাংলার মাটিতে মমতা বন্দ্যোপাধ্যায় মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিয়েছিলেন।’’ সোমবার যাঁদের ভোট রয়েছে, তাঁদেরকে সেই কথা মাথায় রেখে ভোট দেওয়ার আবেদন জানিয়েছিলেন অভিষেক।

’তৃণমূল যে ভাষা বোঝে, সেই ভাষাতেই উত্তর দেওয়া হবে’,সুর চড়ালেন লকেট, রচনাকে আহ্বান বিজেপিতে



দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ সকাল সকাল ময়দানে নেমে পড়েন হুগলির বিজেপি প্রাধী লকেট চট্টোপাধ্যায়। আর সকাল থেকেই তিনি রংবদেহী সুরে হুঁশিয়ার দিয়ে রাখেন তৃণমূলকে। তাঁর সাফ কথা, বিজেপির পোলিং এজেন্টের গায়ে হাত পড়লে সেভাবেই পালাট ‘জ্বাবা’ দেওয়া হবে। প্রসঙ্গত, হুগলি লোকসভা কেন্দ্রে এবার দুই তারকার লড়াই। লকেট চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে এবার ভোট ময়দানে রচনা বন্দ্যোপাধ্যায়কে নামিয়েছে তৃণমূল। এই আবহে লকেটের বক্তব্য, তারকা ফ্যান্টারি হুগলিতে বিষম নয়। বুথের এক তৃণমূল কর্মীকে ধমকাতেও দেখা গেল বিজেপি প্রাধীকে। এইই পাশাপাশি তৃণমূলকে কড়া ভাষায় হুঁশিয়ারিও দিলেন বিজেপি প্রাধী। স্ত্রুএদিন লকেট বলেন, সবকিছু ঠিকঠাকই আপাতত চলছে। দুই-তিন জায়গায় হুমকি দেওয়া হয়েছে আমাদের এজেন্টদের। কিছু জায়গায় ইভিএম মেশিন কাজ করছে না কিন্তু কাজ চলছে। আমি এখানে ধনীয়খালীতে আছি, এখানে পরিস্থিতি ভালোই। বিজেপি প্রাধীর দাবি, মূলত দুর্নীতির বিরুদ্ধে ভোট হচ্ছে। আমরা আশা করি নির্বাচন কমিশন এখানে অবাধ ও সুষ্ঠু নির্বাচন করবে।এখানেই শেষ নয়, তৃণমুলের বিরুদ্ধে হুংশিয়ারির সুরও শোনা গিয়েছে লকেটের গলায়। তিনি বলেন, আমাদের পোলিং এজেন্টের গায়ে হাত লাগলে উত্তর সেই মতো দেওয়া হবে। এখানে কোনও খোলা হবে না। এখানে কোনও তৃণমূল নেই, তৃণমূল ঘরে ঢুকে গিয়েছে। তৃণমূল যে ভাষায় বুঝবে সেই ভাষাতেই উত্তর দেওয়া হবে। টাকা নিয়ে রাতে আইপিআকে টিম চুকেছে। ওদের কিছু বলার নেই তাই টাকা বিলি করছে।এদিন ধনীয়খালীতে সিত্তি পলাশি প্রাথমিক বিদ্যালয় বুথ নাম্বার ১১৭ নম্বর বুথে লকেট চট্টোপাধ্যায় এক মহিলা ভোটারদের প্রভাবিত করছে।এটি অভিযোগ করে। এই সময় এক মহিলাকে আটকেছেন বলেও দাবি করেছেন লকেট । এরপর তাঁকে বুথ থেকে বের করে দেন বিজেপি প্রাধী । অন্যদিকে, আরও এক বুথের ভিতর থেকে রাজ্য পুলিশের এক মহিলা কর্মীকে বের করে দিতে দেখা যায় লকেটকে ।

গরহাজির রাজভবনের তিন কর্মীকে ডাকল পুলিশ, ফের নোটিস?



দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ পুলিশের তলবে সাড়া দিলেন না রাজভবনের তিন অভিভূক্ত কর্মচারী। ফের তাদের নোটিস পাঠাচ্ছে কলকাতা পুলিশ। মঙ্গলবার তাদের তিনজনকেই হাজিরা দিতে বলা হচ্ছে বলে জানিয়েছেন পুলিশের সূত্র। রাজভবনে এক মহিলা কর্মচারীর শ্রীলতাহানির ঘটনায় তিন কর্মচারীর বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়। রাজ্যপালের ওএসডি এস এস রাজপুত, কুসুম ছেত্রী ও পিওন শান্ত লালের বিরুদ্ধে শ্রীলতাহানির অভিযোগ না উঠলেও অভিযোগকারীকে জোর করে আটকে রাখা ও তাঁকে নিগ্রহ করার অভিযোগ তুলে হোয়ার স্টিট থানায় মামলা দায়ের হয়।সুদ্র বিষয়ে রাজভবনের কর্মী এসএস রাজপুত, কুসুম ছেত্রী এবং সন্ত লালের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ৩৪১ (বেআইনিভাবে আটকে রাখা) এবং ১৬৬ (কারও ক্ষতি করার উদ্দেশ্যে সরকারি নির্দেশ মান্য না করা) ধারায় এফআইআর করা হয়েছে। অভিযোগকারিণী ব্যাঙ্কশাল কোর্টের ম্যাজিস্ট্রেটের কাছে গোপন জবানবন্দিও দিয়েছেন।সুপুলিশ সূত্রে খবর, নোটিস পাঠিয়ে ওই তিন কর্মচারীর বয়ান নিতে চাইছেন অনুসন্ধানকারী দলের সদস্যরা। তারা জানতে চাইছেন, এক মহিলা যখন শ্রীলতাহানির অভিযোগ জানানোর চেষ্টা করছিলেন, তখন কেন, কার নির্দেশে তাঁকে বাধা দেওয়া হচ্ছিল?সংবিধানের রক্ষাকবচ থাকায় ‘ ঘটনায় সিত্তি আনন্দ বোসের বিরুদ্ধে ফৌজদারি আইনে অভিযোগ দায়ের করতে পারেনি পুলিশ। যদিও সেই ঘটনার সূত্র ধরে অভিযোগকারিণীকে বাধা দেওয়ায় পৃথক এফআইআর দায়ের করেছে কলকাতা পুলিশ।আইনজ্ঞদের মতে, পুলিশ এক্ষেত্রে তিনবার নোটিস পাঠাতে পারে। এর পরেও যদি রাজভবনের ওই কর্মচারীরা তদন্তে সহযোগিতা না করেন, তা হলে কড়া পদক্ষপও করতে পারে লালবাজার। সেক্ষেত্রে তাঁদের বিরুদ্ধে সমন জারির জন্য আদালতের দ্বারস্থ হতে পারে পুলিশ।

ক্যামেরুন কিংবদন্তি রজার মিলারের জন্মদিন

ক্যামেরুন, ২০ মে : ক্যামেরুন কিংবদন্তি রজার মিলারের ৭২৬ম জন্মদিন ছিল। ৬৮ বছরে এই স্ট্রাইকার অবসর নিয়েছিলেন। ক্যামেরুনের সেই সময়ের প্রেসিডেন্ট-এর ফোনে অবসর ভেঙে ১৯৯০ এর বিশ্বকাপ খেলেন। রুমানিয়ার বিপক্ষে গোল করে কর্নারের কাছে গিয়ে তার কোমর দোলানো নাচের ডঙ্গিতে মুগ্ধ হয়েছিল ফুটবল বিশ্ব।৪২ বছর বয়সে, মিলা ১৯৯৪ ফিফা বিশ্বকাপে রাশিয়ার বিপক্ষে গোল করে বিশ্বকাপে সবচেয়ে বয়স্ক

দুরন্ত বার্তা

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,২১ মে মাসঃমঙ্গলবার, ৫ জ্যৈষ্ঠ মাস ১৪৩১ বঙ্গাব্দ, ইংরেজীঃ ৭ জ্যৈষ্ঠ মাসঃ ২০২৩, ৫৩৬ চৈতঃনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ৭ জ্যৈষ্ঠ মাস, চান্দ্র ৭ মধুসূদন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাধু, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ৭ জ্যৈষ্ঠ মাস ১৪৩১, ভারতীয় সিভিলঃ৭ জ্যৈষ্ঠ মাস ১৯৪৪, মৈতেঃ১৪ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশী অরপূ না'পুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ ২৫ এবং অস্তঃবিকাল ০৪ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১২ঃ২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ ৫০(৮)।শুক্র পক্ষ তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৬৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বৃকরঃপূর্ণিমা রাত্রিঃ০৮ঃ২৮ঃ ০১ দং ৬৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিরাঃঅশ্লিষ্টও অমৃতভোগ্যদিন ০৫ঃ৪৪ঃ১১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৮ পর্যন্ত, তারপর ১ঃ২ ৫৬ঃ০৪ থেকে - ০২ঃ৬২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫১ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৫ঃ৬৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ২৫ঃ১২ পর্যন্ত।মহেন্দ্রযোগে রাত্রি ১০ঃ২২ঃ৪০ থেকে - ১১ঃ ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ০১ পর্যন্ত।কুলিক বোলাদিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত।কুলিক রাত্রিঃ ০৭ঃ৪৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৮ পর্যন্ত।বারবোলা দিন ০৮ঃ৩৯ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত।কালরাত্রিঃ ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত।গ্রহঃফুট (সূর্য উদয় কালীন)ঃ রবিঃ১১ঃ২৪৪ ৬১৯ (২৭) ৬ পদচন্দ্রঃ২২ঃ১৫ঃ২৫০ (৭) ১ পদমঙ্গলঃ৯২ঃ৭৫ঃ৫৯ (২৬) ২ পদবৃধঃ২০ঃ২২ঃ৫ (১) ১ পদবৃহস্পতিঃ১০ঃ৯৪ঃ২৩ (২৫) ৬ পদঃসুত্রঃ১০৮ঃ৭১৩ (২৪) ১ পদঃসিঃ২২ঃ৫৪৩০ (২৬) ১ পদঃরাঃ১১ঃ২৭ঃ৫৩ (৬) ২ পদকেতুঃ৭২২ঃ৭৫৩ (১৬) ৪

আবহাওয়া
বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা বোরোচ ৩৪.৫ডিগ্রী সেলসিয়াস ও (২১) সর্বনিম্ন ২৫.৫।ডিগ্রী সেন্টিগ্রেড ও (১১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৮৪শতাংশ এবং ৪৪শতাংশ। বৃষ্টিহয়েছে সোমবার। জোয়ার-সকল ৭টা ২২ মিনিট এবং সন্ধ্যা ৭টা ৩৪মিনিট হবে। ভাতি-সকল-১১টা ২০মিনিট। রাত-১১টা ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৪ টা ৫৫মিনিটে এবং সূর্য অস্ত যাবে ৬ টা ১২ মিনিটে।

রাশিফল
মেঘরাশিঃ অত্যধিক ভ্রমণ আপনাকে উন্মত্ত করে তুলবে। আপনার কাছে মানুষের কি প্রয়োজন এবং মানব জাতি থেকে তারা কি চায় তা জানার চেষ্টা করুন- কিন্তু আপনাদের খরচ খুব বেশি না হয় সেই চেষ্টা করুন। বৃষ রাশিঃঅত্যধিক ভ্রমণ আপনাকে উন্মত্ত করে তুলবে। বিবাহের যোগ। সংসারে শান্তি। মিথুন রাশিঃআপনার মেজাজ পরিবর্তন করতে কোন সামাজিক জমায়েতে উপস্থিত থাকুন। দীর্ঘ স্থায়ী লাভের জন্য স্টক এবং মিউচুয়াল ফান্ডে বিনিয়োগ করতে সুপারিশ করা হচ্ছে।শুভ দিন হবে কর্কট রাশিঃআপনার আকাঙ্ক্ষা এবং উচ্চাশা ভয় দ্বারা প্রভাবিত হওয়ার উচ্চ সম্ভাবনা রয়েছে। এটি মোকাবিলা করতে আপনার কিছু সঠিক উপদেশ দরকার। সিংহ রাশিঃআপনি আজ খুব সক্রিয়। এবং চটপটে থাকবেন। আপনার স্বাস্থ্য আজ আপনাকে পূরণের সমর্থন করবে। কন্যা রাশিঃমেঘের উপর দিয়ে হঠাৎ সময় গর্ভবতী মায়েরদের বিশেষ খুশি অলঙ্ঘন করা উচিত। বাড়িতে অতিথি আসবে। তুলা রাশিঃআজকের বিনোদনের মধ্যে খেলাধুলো। সংক্রান্ত ক্রিয়াকলাপ এবং বইয়ের অনুষ্ঠান অন্তর্ভুক্ত থাকা উচিত। শুভ দিন। বৃশ্চিক রাশিঃরক্তচাপের রোগীরা তাদের রক্তচাপ কমাতে এবং কোলেস্টেরল নিয়ন্ত্রণে রাখার জন্য রেড ওয়াইনের সাহায্য নিতে পারেন। সন্তান হতে পারে আজ। ধনু রাশিঃশারীরিক অসুস্থতা থেকে সেরে ওঠার সুযোগ রয়েছে। বেশি খরচ করা এবং সন্দেহজনক আর্থিক পরিকল্পনা এড়িয়ে চলুন। মকর রাশিঃযেহেতু আপনি ভয়রপী এক ভয়ঙ্কর দৈত্যের সাথে লড়াচ্ছেন, কাজেই কিছু ইতিবাচক চিন্তার ছাঁচে নিজের ভাবনাকে গড়ে নিন অন্যথায় আপনি এই হেরে দেওয়ার নিক্ষিপ্ত এবং নির্মম শিকারে পরিণত হবেন।অর্থ ব্যয়।

কুর্শ রাশিঃবৃষ্টি সপ্তাহ শু্য তাহলে কুর্শ ভ্রমণ এড়িয়ে চলুন কারণ আপনি খুবই দুর্বল এবং এটি আপনাকে আরো দুর্বল করে তুলতে পারে।। **মীন** রাশিঃআজ আপনার প্রয়োজন মীর মীরের এবং ঘনিষ্ঠ বন্ধু ও পরিবারের সদস্যদের মাঝে খুশি খোজার চেষ্টা

হাওড়ায় ভোট শান্তিতেই, বিকেল পর্যন্ত ভোটের হার ৬৮.৮৪

দুরন্ত বার্তা, হাওড়া, ২০ মে : ৪ কিছু বিক্ষিপ্ত ঘটনা বাদে হাওড়ায় ভোট



শান্তিতেই বিকেল ৫টা পর্যন্ত হাওড়া সদর লোকসভা কেন্দ্রে ভোট পড়ছে ৬৮.৮৪ শতাংশ। এদিন লিলুয়া, বেলাু, বালি, বাঁকড়া, উনসানি, জগবল্লভপুর এলাকা থেকে বিক্ষিপ্ত কিছু অশান্তির খবর আসে। সকালে লিলুয়ার ভারতীয় হাই স্কুলের একটি বুথে প্রিসাইডিং অফিসারকে চড় মারার অভিযোগ ওঠে। এই নিয়ে ১৭৬ নম্বর বুথে বিজেপি প্রার্থীর সঙ্গে তৃণমূল কর্মীদের তীব্র

বাকবিতণ্ডা শুরু হয়। মিনিট পনরো পর কেন্দ্রীয় বাহিনী এবং রাজ্য পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি স্বাভাবিক হয়। যতক্ষণ পর্যন্ত না নির্বাচন প্রক্রিয়া শুরু হচ্ছে ততক্ষণ পর্যন্ত এই কেন্দ্রে অপেক্ষা করবেন বলে হুমকি দেন বিজেপি প্রার্থী। তিনি সেখানে নির্বাচন কর্মীদের সাথে কথা বলেন। প্রিসাইডিং অফিসারকে ওই দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হয় বলে জানা যায়। লিলুয়ার ভারতীয় হাই স্কুলের ১৭৬ নম্বর বুথের প্রিসাইডিং অফিসারকে সরিয়ে

ভোটের হাওড়ায় আবাসনের গেটে ঝোলানো হল তালা

দুরন্ত বার্তা, হাওড়া, ২০ মে : সামবার পঞ্চম দফায় রাজ্যের সাত লোকসভা আসনে ভোট চলছে। তালিকায় রয়েছে হাওড়া। এ দিন উত্তর হাওড়ার লিলুয়ার একটি আবাসনের মূল ফটক বন্ধ করে দেওয়ার অভিযোগ উঠল দুষ্কৃতীদের বিরুদ্ধে। ওই চত্বরে বোমাবাজি হয়েছে বলেও অভিযোগ উঠেছে। নিরাপত্তারক্ষীর দাবি, তাঁকে গুলি করার হুমকি দিয়ে গিয়েছেন অজ্ঞাতপরিচয় কয়েক জন। পরে কেন্দ্রীয় বাহিনীর জওয়ানেরা এসে খুলে দিয়ে যান ফটক। নির্বিঘ্নে ভোট প্রক্রিয়া সম্পাদনের আশ্রয় দেয়াসকালে উত্তর হাওড়ার অরবিন্দ রোডের বৃন্দাবন আবাসনে মূল ফটক বন্ধ করে দেওয়ার অভিযোগ ওঠে দুষ্কৃতীদের বিরুদ্ধে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, হরগঞ্জ বাজারের ওই আবাসনে বাইকে চেপে আসেন ১০-১২ জন। অভিযোগ, তারা জোর করে গেট বন্ধ করে দেন। গেট খুললে নিরাপত্তারক্ষীকে গুলি করে দেওয়ার হুমকিও দেন। ভোট দিতে যেতে দেরেন না বলেই এ সব করা হয়েছে বলে দাবি করেন আবাসনের বাসিন্দাদের একাংশ। ওই আবাসনে ভোটারের সংখ্যা শতাধিক।আবাসনের নিরাপত্তারক্ষী মঞ্জুর খান বলেন, ‘ এসেছিলেন তারা সকলেই অপরিচিত। কোন রাজনৈতিক দলের, তা বলেননি। হুমকি দিয়ে বলেন, গেট বন্ধ থাকবে। কেউ বাইরে যাবেন না, আসবেন না। গেট খুললে গুলি করা হবে।’ অভিযোগ, প্রায় দো ঘণ্টা বন্ধ ছিল গেট। খবর পেয়ে কেন্দ্রীয় বাহিনীর জওয়ান এবং পুলিশ কর্মীরা এসে গেট খুলে দেন। আশুপ্ত করেন বাসিন্দাদের।

অভিনেত্রী হিসেবে, কুসুমকে বিচার করা আমার পক্ষে কঠিন : অনংশা বিশ্বাস

২০ মে : অভিনেত্রী হিসেবে, কুসুমকে বিচার করা আমার পক্ষে কঠিন,’ জানালেন অনংশা বিশ্বাস নিন্টুর প্রত্যারণার একটি ঘটনা, যা পুনেয় ১৯৯৬ সালে ঘটেছিল, নিয়ে ‘ মনোহর লেলে’ নাটক লিখেছিলেন অশোক সামলে, যা কয়েক দশক ধরে মঞ্চস্থ হয়েছিল চূড়ান্ত সাফল্যের সঙ্গে এবং সেটা জি থিয়েটার টেলিপ্লুতেও সমান প্রশংসা কুড়িয়েছে। প্রখ্যাত অভিনেত্রী অনংশা বিশ্বাস, যিনি ‘ ও ‘ মতো ওয়েব শোতে দুর্দান্ত অভিনয়ের জন্য প্রশংসিত, এই টেলিপ্লুতে প্রধান ভূমিকায় অভিনয় করছেন। এই টেলিপ্লুতে অভিনয়ের জন্য তিনি অত্যন্ত উত্তেজিত কেননা। একটি অত্যন্ত জটিল চরিত্রে অভিনয়ের সুযোগ পেয়েছেন যার পরতে পরতে জড়িয়ে রয়েছে ধূসরতা। এই শিহরনকারী গল্প এগিয়ে চলে সাধাসিধে একাকী মহিলাকে নিয়ে, যিনি জড়িয়ে পড়েন বিবাহের ফাঁদে, তার সন্তানকে ছিনিয়ে নেয় এক নিঃসন্তান দম্পতি।ছবিতে নিজের চরিত্র নিয়ে এই অভিনেত্রী বলেছেন, ‘ সামলের বহু প্রশংসিত চিত্রনাট্যে কাজ করা সত্যিই সম্মানের বিষয় এবং এই ভূমিকা সেরকমই একটি প্যারায়জ বা কূট।ভাষা। যখন আমি প্রথম এই চিত্রনাট্য পড়ি, আমি কুসুম মনোহর লেলেকে বিচার কেরছিলাম যে আমি তার চেয়ে আলাদা। তার আছে শক্তিশালী মাতৃরূপে ইনস্টিগট এবং সন্তানের জন্য এত এত তীব্রতর কান্না। যে সে ঠিক ও ভুলের মধ্যে পার্থক্য করতে ভুলে যায়। সে আরেকটি মেয়ের সঙ্গে প্রতারণা করে এবং এমনকি নিজের স্বামীর সঙ্গে তার বিয়ে করায়। কিন্তু একজন অভিনেত্রী হিসেবে, আমি চরিত্রটো একেবারে অন্যভাবে দেখতে শুরু করেছিলাম। যদি আপনি নিজের ভূমিকা বিচার করেন, তাহলে আমি এটার সঙ্গে ন্যায় করেন না এবং তারপর থেকেই কুসুমকে বিচার করা আমার কাছে কঠিন থেকে কঠিনতর হয়ে উঠেছে।’দেখুন ‘ মনোহর লেলে’ ২৬ এপ্রিল ২০২৪ ডিশ চিটি রঙ্গমঞ্চ অ্যান্ডিভ, ষ্ফু রঙ্গমঞ্চ অ্যান্ডিভ এবং এয়ারটেলে স্পটলাইটে। পরিচালনায় স্বপ্না ওয়াঘমেরে যোশী, এই টেলিপ্লুতে এইসঙ্গে অভিনয় করেছেন গগন রিয়ার, সবিতা প্রভুনে, শ্বেতা বসু প্রসাদ, ম্লেহা চহ্নন ও সুনীল পুষকর্ণ।

অবৈধ নির্মাণে প্রতিবাদ করায় নমঃশূদ্র পরিবারের মহিলার উপর আক্রমণ

২০ মে : অবৈধ নির্মাণে প্রতিবাদ করায় নমঃশূদ্র পরিবারের মহিলার উপর আক্রমণ গতকাল সন্ধ্যায় হটা দুর্গাপুর অমরাবতি ডিফেন্স কলোনি এলাকায় কয়েক শতা নমঃশূদ্র ও দলিত সম্ভ্রদ্যের মানুষ পথ অবরোধ করেন। স্থানীয় সূত্রে জানা যায়, অবৈধ নির্মাণ ও অসামাজিক কার্যকলাপ করায়,স্থানীয় বিশিষ্ট সমাজ সেবী ও আর্থকর দপ্তরের কর্মী বিনয় মজুমদার ও তার পরিবারের উপর আক্রমন করেন ওই কলোনির আবাসিক সংগঠনের সম্পাদক বিশ্বজি বিশ্বাস ও তার অনুগামী। গুরুতর আহত হয়ে বিনয় মজুমদারের স্ত্রী ও মেয়ে হসপিটালে ভর্তি হন। এই ঘটনাটি ঘটে গত ৮ মে। সেই দিন মজুমদারের পরিবারের পক্ষ থেকে একাধিক জামিন আবেগ্য ধারায় থানায় অভিযোগ জানানো ও এখানে পর্যন্ত থানা কোনো পদক্ষেপ নেয় নি। তারই প্রতিবাদের গতকাল সন্ধ্যায় স্থানীয় বাসিন্দারা পথ অবরোধ করেন। ফলে ব্যাপক যানজট তৈরী হয়। স্থানীয় মানুষদের অভিযোগ, বিশ্বজি বিশ্বাস এতটাই প্রভাবশালী ব্যক্তি যে বিভিন্ন অসামাজিক কাজের সঙ্গে যুক্ত থাকা সত্ত্বেও পুলিশ প্রশাসন কোনো ব্যবস্থা নােয় না। যদিও সমস্ত অভিযোগ অস্বীকার করছেন বিশ্বজিং বিশ্বাস। পুলিশের মধ্যস্থতায় পথ অবরোধ উঠলেও বিনয় মজুমদার জামিয়েছেন, পুলিশ যদি কোনো ব্যবস্থা না নেয় তাহলে তিনি সমস্ত ঘটনা মুখ্যমন্ত্রীকে জানানবেন। সুবল সাহা ।



হুগলিতে ভোট চিত্র চন্দননগর পৌরসভার ২৩ নম্বর ওয়ার্ডের উষাঙ্গিনী বালিকা বিদ্যালয় ভোটের লাইন ।

দেওয়া হয় বলে জানা যায়। এই নিয়ে হাওড়া সদর যুব তৃণমুলের সভাপতি কৈলাশ মিশ্র নির্বাচন কমিশনে অভিযোগ জানান। কৈলাশের অভিযোগ, ওই প্রিসাইডিং অফিসার মহিলাদের সঙ্গে দুর্ব্যবহার করেন। বিষয়টি জানতে পেরেই সংশ্লিষ্ট প্রিসাইডিং অফিসারকে সরিয়ে দেয় প্রশাসনা। যদিও প্রিসাইডিং অফিসারের দাবি, একটি দলের মহিলা এজেন্ট তাঁকে চড় মারেন। তারপর উনিই মিথ্যা অভিযোগ তুলছেন। অন্যদিকে, এদিন দুপুরে হাওড়ার একটি সরকারি আবাসনে গুলি ও বোমাবাজির অভিযোগ ওঠে। এরপরই এলাকায় বিশাল পুলিশ বাহিনী মোতায়েন করা হয়। অভিযোগ, দুষ্কৃতীরা ওই সরকারি আবাসনের বাসিন্দাদের ভোট দিতে যেতে বাধা দেয়। হুমকি দেওয়া হয়। এদিন হাওড়ার জগবল্লভপুর বড়গাছিয়ায় ২নং গ্রাম পঞ্চায়েতের ৮৭ এবং ৮৮ নম্বর বুথে সংঘর্ষ হয়। আইএসএফের অভিযোগ, দুষ্কৃতীরা এসে তাদের মারধর করে। এমনকি তাদের ক্যাম্প

অফিসের চেয়ার-টেবিল ভাঙচূর করে। এদিন বালির শান্তিরাম স্কুলে ভোটগ্রহণকে কেন্দ্র করে অশান্তির অভিযোগ ওঠে। অভিযোগ, মোবাইল নিয়ে এখানে ভোটারদের বুথে ঢুকতে বাধা দেয় পুলিশ। এছাড়াও পোলিং এজেন্ট দের খাবার দিতে গেলে পুলিশ লাঠিচার্জ করে। এদিন হাওড়ার উনসানি যষ্ঠীতলায় রাজনৈতিক সংঘর্ষের ঘটনা ঘটে। ঘটনাস্থলে কয়েকজন আহত হন। মেরে মাথা ফাটিয়ে দেওয়া হয়। সেখানে একটি অস্থায়ী ক্যাম্প ভাঙচূর নিয়ে বিজেপি প্রার্থী সেখানে এলে পরিস্থিতি অগ্নিগর্ভ হয়ে যায়। পুলিশ এবং কেন্দ্রীয় বাহিনী এসে এলাকায় পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এদিন শ্রীরামপুর লোকসভা কেন্দ্রের ডোমজুড় বিধানসভা এলাকার দেবীপাড়ায় বিজেপির ক্যাম্প ভাঙচূরের অভিযোগ ওঠে দুষ্কৃতীদের বিরুদ্ধে। এদিন উত্তর হাওড়ার গোলমোহর এলাকায় বহিরাগতদের বিরুদ্ধে বুথ জ্বারের অভিযোগ ওঠে। খবর পেয়ে কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা সেখানে এসে বহিরাগতদের সেখান থেকে সরিয়ে দেয়।

ভোটই দিতে পারলেন না মুখ্যমন্ত্রীর ভাই বাবুন বন্দ্যোপাধ্যায়



হাওড়া, ২০ মে : ভোটই দিতে পারলেন না মুখ্যমন্ত্রীর ভাই বাবুন বন্দ্যোপাধ্যায়। ভোটার তালিকা থেকে বাদ পড়ছে তাঁর নাম। স্বাভাবিকভাবেই এই ঘটনায় হতাশ তিনি। ঘটনাটি নিয়ে রাজ্যের শাসকদল কমিশনের কোর্টে বল ঠেলেছে। মধ্য হাওড়ার ৩৭ নম্বর ওয়ার্ডের ভোটার বাবুন বন্দ্যোপাধ্যায়। সোমবার ভোট ছিল হাওড়ায়। সেই মতো এদিন নিজের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করতে গিয়েছিলেন তিনি। গিয়ে কার্যত হতাশ হতে হয় তাঁকে। দেখা যায় ভোটার তালিকায় তাঁর নাম নেই। কাটা গিয়েছে নাম। এর পরই হতাশা উগড়ে দেন তিনি। এ প্রসঙ্গে তৃণমুলের মুখপাত্র শান্তনু সেন বলছেন, পুরো বিষয়টি দেখে জাতীয় নির্বাচন কমিশন। কেন এমনটা ঘটল, তা তারাই বলতে পারবে। ভরা গিগেডের মঞ্চ থেকে ৪২ আসনে প্রার্থী ঘোষণা করেছিল তৃণমূল। হাওড়া লোকসভা কেন্দ্র থেকে প্রসন্ন বন্দ্যোপাধ্যায়কে টিকিট দেওয়া হয়েছে। তাতেই ‘ হয়ে প্রকাশ্য বিবৃতি দেন বাবুন। তাঁকে লোকসভা ভোটে টিকিট দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল বলেই দাবি করেছিলেন তিনি। সেই সময় বাবুন হাওড়ার ভোটার হয়েছিলেন। সেই আশ্রুস বাস্তবায়িত না হওয়ায় প্রয়োজনে নির্দল প্রার্থী হিসাবে লড়তে পারেন বলেও গুঞ্জন ছড়িয়েছিল। এই বিতর্কের মধ্যে স্লিগিও উড়ে যান তিনি। বিজেপির সঙ্গেও যোগাযোগ করছেন বলে খবর ছড়ায়। এর পরই বাবুনকে ‘তাজ’ করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রী বলেছিলেন, আমি সরাসরি বলছি, বড় হলে অনেকের লোভ বেশি বেড়ে যায়। আমার পরিবারের ও কোনও সদস্য বলে মনে করি না। আজ থেকে কোনও সম্পর্ক নেই। ভাই বলে কেউ পরিচয় দেনেন না। কোনও সম্পর্ক নেই। পরিবারের সঙ্গে জড়াবেন না। দল যাঁকে প্রার্থী করেছে, সেই প্রার্থী। পরে অবশ্য পুরো বিষয়টির জন্য ক্ষমা চেয়ে নিয়েছিলেন বাবুন বন্দ্যোপাধ্যায়। এবার তিনি ভোটই দিতে পারলেন না।

ঝড় বৃষ্টিতে বিপর্যস্ত বনগাঁ ও ব্যারাকপুরের ভোট প্রক্রিয়া

দুরন্ত বার্তা, বঁনগাঁ, ২০ মে : সোমবার ঝড় বৃষ্টিতে বিপর্যস্ত হল বনগাঁ ও ব্যারাকপুরের ভোট প্রক্রিয়া। সকাল সাড়ে এগারোটো নাগাদ মেঘে থেকে যায় আকাশ। শুরু হয় দমকা হাওয়া। বড় বড় ফৌটায় বৃষ্টি নামে। সকাল থেকে লাইন দিয়ে দাঁড়িয়েছিলেন যে ভোটাররা তাঁরা লাইন ছেড়ে সরে পড়েন আশেপাশে ছাউনির খোঁজাপঞ্চম দফায় ,সকাল থেকেই নির্বিঘ্নে ভোট হাছিল বনগাঁ লোকসভা কেন্দ্রে। হঠাই প্রবল জোরে হাওয়া বইতে থাকে। শুরু হয় বজ্রবিদ্যু-সহ বৃষ্টি। মুহূর্তের মধ্যে ভেঙে পড়ে বাগদার মশ্যমপুর ভোটকেন্দ্রের আশেপাশের একাধিক অস্থায়ী ছাউনি ও রাজনৈতিক দলের অস্থায়ী ক্যাম্পগুলি। আতঙ্কিত হয়ে পড়েন ভোটাররা। মাথা বাঁচাতে ছুটে পালানোর চেষ্টা করেন তাঁরা।স্থানীয়রা জানিয়েছেন, ভোটগ্রহণ প্রক্রিয়া স্বাভাবিকভাবেই চলছিল। হঠাই প্রবল হাওয়া বইতে থাকে। ঝড়ের



কোনও কোনও ভোটার আশেপাশে কোনও ছাউনিতে আশ্রয় নিতে পারলেও অনেকে সেই সুযোগও পাননি। তাঁরা ঘরমুখী হন।গাছিঘাটার ঝাউভাঙা পঞ্চায়েতের আংরায়েলের

খবর। এই নিয়ে ইতিমধ্যেই এই নিয়ে থানায় অভিযোগ দায়ের হয়েছে। ওই



জওয়ানকে আটক করেছে পুলিশ। এই প্রসঙ্গে, শ্রীরামপুরের তৃণমূল প্রার্থী কল্যাণ বন্দ্যোপাধ্যায় জানান, ‘

তারকেশ্বরে বিজেপি কর্মীদের হাতে আক্রান্ত তৃণমূল নেতা



দুরন্ত বার্তা, তারকেশ্বর : ভোট দিতে যাওয়ার পথে বিজেপি কর্মীদের হাতে আক্রান্ত তৃণমূল নেতা। বাড়ি থেকে বেরেনার সময় মারধরের অভিযোগ ওঠে তাঁকে। শুধু তাই নয়, মেরে তাঁর পা ভেঙে দেওয়ার অভিযোগ

ওঠে বিজেপি আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। অভিযোগ অস্বীকার গেরুয়া শিবিরে। আহত তৃণমূল নেতার নাম তাপস বেড়া। তিনি তারকেশ্বর রামনগর গ্রাম পঞ্চায়েতের ১৫৬ নম্বর বুথের তৃণমুলের বুথ সভাপতি। তাপসবাবুর দাবি, এ দিন সকালে তিনি ভোট দিতে যাচ্ছিলেন সেই সময় আরামবাগ লোকসভার বিজেপি প্রার্থী অরুণ কান্তি দিগেরে গাড়ি থামিয়ে। হঠাই তাঁকে দেখে গাড়ি থামিয়ে দেন। এরপর গাড়ি থেকে বেশ কয়েকজন বিজেপির স্থানীয় কর্মী নেমে তাকে বেধড়ক মারধর

হুগলিতে সাংবাদিকদের বুথে ঢুকতে দিলো না কেন্দ্রীয় বাহিনী অভিযোগ

দুরন্ত বার্তা, হুগলি,২০ মে : শ্রীরামপুরের চাকুন্ডি হাইস্কুলে তখন পৌঁছেছেন তৃণমূল প্রার্থী কল্যাণ বন্দ্যোপাধ্যায়। ভোট গ্রহণ চলাকালীন বুথের ভিতরে প্রবেশ করতে যান তিনি। তবে দেখা গেল কেন্দ্রীয় বাহিনীর এক জওয়ান প্রবেশে বাধা দেয় তাঁকে। পরে তিনি হিন্দিতে জওয়ানকে বলেন, আরে আমি প্রার্থী। এর কিছুক্ষণ পর ভিতরে প্রবেশ করতে যান তিনি। জানা যাচ্ছে, শ্রীরামপুর চাকুন্ডি হাইস্কুলে তৃণমূল প্রার্থী কল্যাণ বন্দ্যোপাধ্যায় যখন প্রবেশ করতে যান তাকে বাধা দেওয়ার অভিযোগ ওঠে কেন্দ্রীয় বাহিনীর বিরুদ্ধে। তারপর কার্ড দেখিয়ে ঢুকতে বাধ্য হন তিনি। গোটিটাই বিজেপি-র যত্নব্রত বলে দাবি করছেন কল্যাণ। তৃণমূল প্রার্থী বলেন, তাহলে বুঝতে পারছেন ওরা কীভাবে ভোট করছে। আমরা যদি আটকায় তাহলে কত ভোটারের আটকাবে বুঝতে পারছেন? সব মেদী আর অমিত শাহর লোক। এই ভাবে হারাতে পারবে না।ক। প্রসঙ্গত, সোমবার শ্রীরামপুর লোকসভার বিভিন্ন কেন্দ্র ভোট গ্রহণ পর্ব চলছে। প্রার্থীরা বিভিন্ন বুথে ঘুরছেন। বাদ যাননি সিপিএম প্রার্থী দীপ্জিতা ধরও। হুগলিতে পৌরসভাও বুথে সাংবাদিকদের বুথে ঢুকতে দেয়নি কেন্দ্রীয় বাহিনী অভিযোগ সাংবাদিকদের তারা ক্ষোভ প্রকাশ করেন নির্বাচন দপ্তরে অভিযোগ জানিয়েছেন।

দি-পু-দা বাঙালির জন্য আবার টিকিটের চাহিদা তুঙ্গে



কলকাতা, মে ২০ঃ আগামী ২৩শে মে বৃদ্ধ পূর্ণিমার ছুটি , যদি মাবের একটা দিন কোনোভাবে ছুটি নেওয়া যায়, তাহলে রবিবার অর্থাৎ পাওয়া যাবে একটা লম্বা ছুটি। বাঙালি এই সুযোগটা কোনোভাবেই হাতছাড়া করতে চাইছে না। বিভিন্ন স্কুলে বাচ্চাদের ছুটি চলছে , তাই এই সুযোগে বাঙালি সপরিবারে দার্জিলিং বা পুরী ঘুরে আসতেই পারে, আর সেই প্রমান টিকিটের চাহিদা থেকে সহজেই অনুমেয়। ১২৩৪৩ শিয়ালদহ-নিউ জলপাইগুড়ি দার্জিলিং মেলে ২২.০৫.২০২৪ এবং ২৩.০৫.২০২৪ তারিখে টিকিটের ওয়েটিং লিস্ট ১০০ এর উপরে, ২২৩০১ হাওড়া - নিউ জলপাইগুড়ি বন্দে ভারত এক্সপ্রেসে ২৩.০৫.২০২৪ তারিখে টিকিটের ওয়েটিং লিস্ট-ও প্রায় ১০০। পিছিয়ে নেই পুরী-ও , ২২৮৯৫ হাওড়া-পুরী বন্দে ভারত এক্সপ্রেসে ২৪.০৫.২০২৪ তারিখে ওয়েটিং লিস্ট ১০০ ছাড়িয়ে গেছে। সুতরাং, ভ্রমণপিপাসু বাঙালিদের কাছে অনুরোধ, আর দেরি না করে যত দ্রুত সম্ভব আপনার টিকিট বুক করুন আর ঘুরে আসুন আপনার পছন্দমতো জায়গা থেকে। পূর্বরেল সবসময় আপনাদের পাশে আছেন।

কার্তিক মহারাজের সঙ্গে মহাভারতের ভীমসেনের তুলনা তথাগত রায়ের

দুরন্ত বার্তা, কলকাতা, ২০ মে : কার্তিক মহারাজের সঙ্গে মহাভারতের ভীমসেনের তুলনা করলেন প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়।সোমবার তথাগতবাবু এগ্ন হ্যান্ডলে লিখেছেন, ভারত সেবাশ্রম সংঘের বেলডাঙা আশ্রমের (বহরমপুর নয) স্বামী প্রদীপ্তানন্দ বা কার্তিক মহারাজকে দেখলে আমার মহাভারতের ভীমসেনের কথা মনে হয়। সেই রকম ভক্তোভাস, সেই রকম তেজোদীপ্ত ও পুরুষ। ভীমসেন দ্রৌপদীর অপমানের বিরুদ্ধে দৃ শাসনের বুক চিরে রক্তপান করেছিলেন। কার্তিক মহারাজও ওর অঞ্চলের নির্ণাতিত হিন্দুদের জন্য যতদূর সম্ভব যেতে তৈরী, এবং গিয়েছেনও। সংখ্যালঘু ভোটের লোভে তারা ভিন্ন বের করে লাি-ল্যা করে তারা জো ওর নিন্দা করবেই। কিন্তু উনি, এবং ভারত সেবাশ্রম নিজেদের তেজে দীপ্যমান হয়েই থাকবেন। প্রসঙ্গত, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের শনিবার নির্বাচনী সভায় মন্তব্য নিয়ে বিতর্ক ও প্রশ্ন তৈরী হয়েছে। তিনি বলেছেন, সব সাধু তো সমান হয় না। সব স্বজন সমান হয় না। আমাদের মতোও সবাই সমান? না। এই যে বহরমপুরের একজন মহারাজ আছেন। আমি শুনছিছি অনেক দিন ধরে। কার্তিক মহারাজ। ভারত সেবাশ্রম সংঘকে আমি খুব শ্রদ্ধা করতাম। আমার শ্রদ্ধার্থের একটা তালিকায় তাঁরা অনেক দিন ধরে আছেন। কিন্তু, যে লোকটা বলেন, আমি তৃণমূল কংগ্রেসকে এজেন্ট বসতে দেব না। সে লোকটাকে আমি সাধু বলে মনে করি না। তার কারণ তিনি সরাসরি রাজনীতি করে দেশটার সর্বনাশ করছেন।

বনগাঁর স্বরূপনগরে আক্রান্ত গেরুয়া শিবির, গয়েশপুরে বিজেপি-তৃণমূল সংঘর্ষ

দুরন্ত বার্তা, বনগাঁ, ২০ মে : বনগাঁ লোকসভা কেন্দ্রের স্বরূপনগরের বালতি এলাকার ১২৭ নম্বর বুথে বিজেপি কর্মী-সমর্থকদের মারধরের অভিযোগ উঠল তৃণমূল কর্মী-সমর্থকদের বিরুদ্ধে। আক্রান্ত বিজেপি কর্মীদেরকে সারাপুল গ্রামীণ হাসপাতালে ভর্তি করানো হয়েছে। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা ছড়িয়েছে। অন্যদিকে, বনগাঁ লোকসভার গয়েশপুরের ২৬৯ নম্বর বুথে বিজেপি-তৃণমূল সংঘর্ষ। বুথ সভাপতি-সহ তিনি বিজেপি কর্মীকে বেধড়ক মারধরের অভিযোগ উঠল তৃণমুলের বিরুদ্ধে। পাশাপাশি, কেন্দ্রীয় বাহিনীর বিরুদ্ধে নিষ্ক্রিয়তার অভিযোগ তুলেও সবব হয়েছে স্থানীয় বিজেপি নেতৃৃত্ব।

বিজেপির কথায় কাজ করছে কেন্দ্রীয় বাহিনী, অভিযোগ কল্যাণের

দুরন্ত বার্তা, শ্রীরামপুর, ২০ মে : বুথে ঢুকতে বাধা দিচ্ছে কেন্দ্রীয় বাহিনী! অভিযোগ তুলে সরব শ্রীরামপুরের তৃণমূল প্রার্থী কল্যাণ বন্দ্যোপাধ্যায়। ডানকুনি হাই স্কুলে ১৯৯ এবং ২০২ নম্বর বুথে তাতে ঢুকতে বাধা দেওয়া হয় বলে অভিযোগ। বিজেপির কথায় কেন্দ্রীয় বাহিনী এই কাজ করছে বলেও অভিযোগ তুলেছেন তৃণমূল প্রার্থী। ভোটের সকালে ডানকুনিতে এদিন কচুরি খান শ্রীরামপুরের তৃণমূল প্রার্থী কল্যাণ বন্দ্যোপাধ্যায়। সকাল থেকেই বিভিন্ন বুথে বুথে ঘুরে ভোটের খোঁজখবর নেন তিনি। নতুন ভোটারদের ডেকে কথা বলতেও দেখা যায় তৃণমূল প্রার্থীকে।



এই ঘটনা ঘটায় বলে অভিযোগে পাঁচ নম্বর ওয়ার্ডের ভোটারদের ডেকে কথা বলতেও দেখা যায় তৃণমূল প্রার্থীকে।

খানাকুলে বিজেপির উপপ্রধানের উপর হামলা, অভিযুক্ত তৃণমূল কংগ্রেস

হুগলি, ২০ মে : হুগলির খানাকুলে বিজেপির উপপ্রধানের উপর হামলা চালানোর অভিযোগ উঠল তৃণমূল আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। খানাকুলের রাজহাট ১ পঞ্চায়েতের বিজেপি উপপ্রধান তপন বাগের উপর হামলা হয়েছে বলে অভিযোগ। তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা হামলা চালিয়েছে বলে অভিযোগ স্থানীয় বিজেপি নেতৃত্বের। তপন বলেন, ‘ সাড়ে ১০টা নাগাদ যখন বাড়ি ফিরছিলাম তখন তৃণমুলের হার্মাদ বাহিনী আমার উপর চড়াও হয়। তার পর আমাকে মারধর করে। ছুরি দিয়ে মাথায় আঘাত করে। মাথায় আঁচানা সেলাই পড়েছে।’ শুধু তাঁকে নয়, তাঁর সঙ্গে থাকা আরও কয়েক জনকেও মারধর করা হয়েছে বলে অভিযোগ করেন তপন। দু’টি ঘটনাকে কেন্দ্র করে থমথমে এলাকা। খবর পেয়ে ঘটনাস্থলে এসেছে পুলিশ। হামলার ঘটনার সঙ্গে কারা জড়িত, খুঁজছে পুলিশ।

লোকসভার মধ্যে হাওড়ার সাঁকরাইলের নতিবপুর শেখপাড়া এক নম্বর পঞ্চায়েত এলাকায় সিপিআইএম কর্মীদের হুমকি

দুরন্ত বার্তা, হাওড়া, ২০ মে : লোকসভার মধ্যে হাওড়ার সাঁকরাইলের নতিবপুর শেখপাড়া এক নম্বর পঞ্চায়েত এলাকায় সিপিআইএম কর্মীদের হুমকি,ভোটার স্পিপি ছিড়ে নেওয়ার অভিযোগ উঠলে তৃণমুলের বিরুদ্ধে । শুধু তাই না সেখানকার সিপিআইএম কর্মীদের

অভিযোগ ভোটারদের লক্ষ্য করে ইটবুটি করা হল। আর তা থিরে উত্তেজনা। সোমবার সকালে ডোমজুড় থানা এলাকার কোলোড়া শেখপাড়া প্রাথমিক বিদ্যালয়ের ৭১ নম্বর বুথ এলাকায় এই ঘটনা ঘটে। গোটা এলাকায় উত্তেজনার ছড়িয়ে পড়ে। যেটা জানা গেছে এলাকার

সিপিএম কর্মীদের রবিবার রাত থেকেই নানাভাবে হুমকি দেওয়া



হাছিল। এদিন সকালে সিপিএম সমর্থকরা যখন ভোটগ্রহণ কেন্দ্রে ভোট দিতে যান তখন তৃণমূল কর্মীদের সাথে প্রথমে বচসা হয়। তারপর তাদের মধ্যে হাতাহাতি হয়। এরপরই সিপিএম সমর্থকদের দিকে বহুতল বাড়ি থেকে ইটবুটি শুরু হয়।

পরে ঘটনাস্থলে ছুটে আসে পুলিশ। তারই পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। সিপিআইএম কর্মীরা জানান এই ঘটনার জন্য অনেকে ভোট দিতে যেতে প্রথমে ভয় পান। ভোটার স্পিপি ছিড়ে দেওয়ার জন্য তারা ভোট দিতে পারছেন না প্রথমে। তবে পরে ভোট দেন বেশ কিছুজন। দক্ষিণ কোলারার পনরো জন ছেলে এসে এই ঘটনা ঘটায় বলে অভিযোগ সিপিআইএম কর্মীদের । এমনি আগামী চার জন পশ্তে হুমকি দেওয়া হবে বলে তাঁরা অভিযোগ করেন। তারপর তাদের মধ্যে হাতাহাতি হয়। তবে এই ঘটনায় তৃণমূল কংগ্রেসটির কারোর কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

আলোই ঈশ্বরের প্রতিবিশ্ব দুরন্ত বাতাঁ

২৯ বর্ষ, দৈনিক ১৭০ সংখ্যা, মঙ্গলবার, ৭ জ্যৈষ্ঠ, ১৪৩১

ভারত বিরোধীতায় ‘না’

ভারত বিরোধী নই বলে মন্তব্য করেন পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী পদ্মচ্যুত ইমরান খান। তিনি আমেরিকাকে দৃষ্টিলেন।। তাকে ক্ষমতাচ্যুত করার পিছনে রয়েছে আমেরিকা হাত। আমেরিকার প্রশাসনের সঙ্গে হাত মিলিয়ে বিরোধীরা তাকে ক্ষমতাচ্যুত করেছে। ডব্লু করছে তার বিরুদ্ধে। দেশকে ক্ষেপিয়ে তুলেছেন বিরোধী দলের নেতারা। শাহবাজ শরিফ থেকে শুরু করে বিলাবল ভুট্টো জর্যদারি এমনকী নওয়াজ শরিফের নাম রয়েছে সেই বিরোধিতার তালিকায় রয়েছে। ইমরানের রাশিয়া সফরটাকে গ্রহণ করে নিতে পারেনি আমেরিকা। রাশিয়ার সঙ্গে পাকিস্তানের কোনও সম্পর্ক তৈরি হতে পারে না বলে মনে করে আমেরিকা। তার ওপরে রুশ প্রেসিডেন্ট পুতিনের সঙ্গে হাত মেলানো এবং ভারতের হয়ে জয়গান গাইতে শুরু করাকে পাক বিরোধী দল নেতারা ভালো নজরে দেখেননি। আফগানিস্তানের তালিবানরা পাকিস্তানকে বেশি পছন্দ করতে নারাজ। তারা মনে করে পাকিস্তান এখন স্বাধীন আফগানের ওপরে মাতববরি করতে শুরু করবে। আফগানের তালিবানরা তা মেনে নেবে না। পাকিস্তানের বিরুদ্ধে আফগানিস্তানে বিক্ষোভ শুরু হয়ে গিয়েছে। তালিবানদের ক্ষমতায় নিয়ে এসেছে পাকিস্তানের গুপ্তচর সংস্থা আইএসআই। তারা আমেরিকার সঙ্গে হাত মিলিয়ে তালিবানদের ক্ষমতা পাইয়ে দিয়েছে আফগানিস্তানো। আমেরিকাও চাইছিল তাদের সেনারা যাতে আফগান থেকে ধরে ফেরে। সযোগ করে দিল পাকিস্তানই। তালিবানরা দোহায মার্কিন কূটনীতিকদের সঙ্গে বৈঠক

করলো। সেখান তালিবানরা স্বীকার করে নিলে যে আমেরিকা তাদের শত্রু দেশ নয় এবং আমেরিকার সঙ্গে ব্যবসায়িক সম্পর্ক তৈরি করবে। তার ফলে আজকে আমেরিকার বৃহ পণ্য অফগানিস্তানে বিক্রি হচ্ছে। মার্কিন শিল্পপতিরা আফগানিস্তানের শিল্প গলার দিকে ঝোক দিতে শুরু করেছে। পিছিয়ে নেই ভারতের শিল্পপতিরাও। তারাও আফগানিস্তানে শিল্প গড়তে সবুজ সঙ্কেত দিয়েছে। ভারতের শিল্পপতিরা আগেই আফগানিস্তানে শিল্প গড়তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছিল। তালিবান শাসন শুরু হওয়ার সময়ে সাময়িক বন্ধ ছিল। তারপরে আবার নতুন করে ভারতীয় শিল্পপতিরা আফগানে উপস্থিত হয়ে শিল্প গড়ার ব্যাপারে আগ্রহ প্রকাশ করেছে। ইতিমধ্যে ভারতের প্রযুক্তিবিদরা আফগানে উপস্থিত হয়েছে। তালিবানরা এখন পাকিস্তানকে সামনে রাখতে চাইছে না। তারা এখন পাকিস্তানকে এড়িয়ে চলার চেষ্টা করছে। এদিকে ইরানের সঙ্গে পাকিস্তানের ব্যবসায়িক চুক্তি হয়েছে। সেই চুক্তি যিনি করেছেন ইরানের প্রেসিডেন্ট রাইসি কপ্টার দুর্ঘ্যান নিহত। গোটা ইরান শোকস্তব্ধ। এদিকে এই ঘটনার সঙ্গে ইজরায়েলের কোনও যোগ রয়েছে কিনা জানা যায়নি। ইরানের আকাশে কোনও ক্ষেপনাস্ত্র দেখতে পাওয়া যায়নি যা দিয়ে সেখানকার প্রেসিডেন্টের কপ্টারে আঘাত হানবে। ইরানের প্রেসিডেন্ট রাইসি নিহত হওয়ার ফলে ইরানের ওপরে চাপ সৃষ্টি হল বলা যেতে পারে। কটুরপন্থী ছিলেন রাইসি। তিনি উদারপন্থী লোক চিনেন না। তার ফলে ইরানে হিজাব বিতর্ক দানা বাঁধতে শুরু করে দিয়েছিল। ইরানের ধর্মগুরু ধোমেনি ইরান প্রেসিডেন্ট রাইসির নিহত হওয়ার খবর পেয়ে মর্মাহত। তিনি এটা একেবারে আশা করেননি। এদিকে পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ ইরানের প্রেসিডেন্ট রাইসির নিহত হওয়ার ঘটনায় শোকাহত। এদিকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও শোকাবর্তা দিয়েছেন। তিনি বলেছেন ইরানের প্রেসিডেন্টের সঙ্গে ভারতের সুসম্পর্ক হতে উঠতে শুরু করে গিয়েছিল। নতুন করে ইরান ভারত সম্পর্ক তৈরি হচ্ছিল। ইরান ভারত মৈত্রীর ওপরে জোর দিয়েছিলেন রাইসি। তিনি চলে যাওয়াতে ভারত ইরান মৈত্রী়র ওপরে একটি আঘাত এসে উপস্থিত হল। এদিকে তালিবানরা এখন ভারতের দিকে ঝুঁকে পড়তে শুরু করে দিয়েছে।

কাশ্মীর সমস্যার সমাধান

কাশ্মীর সমস্যার সমাধান করতে প্রস্তুত কেন্দ্রীয় সরকার। এবারে দেশের শীর্ষ আদালত বলে দিয়েছে যে সেপ্টেম্বর মাসের কাশ্মীরে বিধানসভার ভোট করতে হবে এবং কেন্দ্রীয় শাসন ক্ষমতার বাইরে এসে রাজা হিসাবে স্বীকৃতি লাভ করবে। তবে ৬৭০ ধারা যে যে অবস্থায় রয়েছে তা চালু থাকবে। লাদাখকে আলাদা বিধানসভা তৈরি হয়েছে। ফলে পাক বিচ্ছিন্নতাবাদীরা বেশ মুশকিলে। তবুও কাশ্মীরের প্রাক্তন রাজনৈতিক দলের নেতারা বলতে শুরু করে দিয়েছে যে কেন্দ্র শাসিত অঞ্চলে কাশ্মীরকে পরিণত করে নাগরিকদের স্বাধীনতার ওপরে হস্তক্ষেপ করতে শুরু করে দিয়েছে কেন্দ্রীয় সরকার। এদিকে কেন্দ্রীয় সরকার থেকে বলা হয়েছে যে কাশ্মীরের নাগরিকদের কোনও স্বাধীনতাকে হনন করা হয়নি। তবে কাশ্মীরের

সম্পাদকীয়
সেখানতার নতুন প্রজন্ম নয়া কাশ্মীর গড়তে আগ্রসর হয়েছে। তারা এখন পাথর খেঁড়ে না বলে সেখানকার বিচ্ছিন্নতাবাদীরা নানা রকম গুজব ছড়িয়ে বেড়াতে শুরু করেছে। কাশ্মীরের বিচ্ছন্নতাবাদীদের প্রশ্রয় দিতে শুরু করে দিয়েছিল। ভারতের কাশ্মীরে পাকিস্তান দিবস পালন করার ব্যাপারে উৎসাহ দিত পাকিস্তান। সেখানকার বিচ্ছিন্নতাবাদীদের হাতে অর্থ থেকে শুরু করে অস্ত্রদেওয়ার ব্যবস্থা করে পাকিস্তান প্রশাসন। গোটা কাশ্মীরের প্রশাসন একটি সময়ে জব্রন্ত বারুদে পরিণত হয়েছিল। মোদি সরকার এসেই কাশ্মীরকে কেন্দ্র শাসিত অঞ্চলে পরিণত করার ফলে পাকিস্তান আর কাশ্মীর নিয়ে কোনও কথা বলছে না। পাক বিদেশ বিদেশ নীতি ছিল কাশ্মীর নির্ভর। কাশ্মীরকে সামনে রেখে ভারত বিরোধিতার মধ্যে দিয়ে পাকিস্তান আন্তর্জাতিক দরবার থেকে অর্থ সংগ্রহ করতো। এমনকী পাকিস্তান ভারত দ্বারা আক্রান্ত এই অজুহাত খাড়া করে পাকিস্তান বহু দেশের কাঁচ থেকে টাকা তুলেছে। পরবর্তীকালে ডুয়েমতে পরিণত হওয়ার ফলে এখন আর আন্তর্জাতিক মহল থেকে কোনও রকম সাহায্য পাচ্ছে না। পাকিস্তানের সবচেয়ে বড় বন্ধু ছিল আমেরিকা। সেই আমেরিকা এখন পাকিস্তান বিরোধী মনোভাব গ্রহণ করতে শুরু করে দিয়েছে। ভারত পাক যুদ্ধের সময়ে আমেরিকা পাকিস্তানকে সাহায্য করেছিল। সেই সময়ে রাশিয়া ভারতের পাশে থাকার ফলে আমেরিকা কোনও রকমভাবে ভারতের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে সাহস পায়নি। কিন্তু বারাবরি পাকিস্তান চেষ্টা করেছে বৃহৎ শক্তিকে ভারতের বিরুদ্ধে লেলিয়ে দিতে। সেটা সম্ভব হয়নি বলে আজকে পাকিস্তান বেশ ক্ষিপ্ত। চিনকে ভারতের বিরুদ্ধে লেলিয়ে যেওয়ার পিছনে পাকিস্তানের আইএসআই কাজ করে চলেছে। এদিকে পাকিস্তানকে রক্ষা করতে ইরান সামনের দিকে এগিয়ে আসতে শুরু করেছে। ইজরায়েল ইরান সংঘর্ষ কোন দিকে গতি ফেরায় তা অঙ্গ থেকে অনুমান করা হয়েছে অসম্ভব। হামাস জঙ্গী সংগঠনের পাশে ইরান, ইরাক, পাকিস্তান এবং তুরস্ক রয়েছে।

অনুকূলচন্দ্র ঠাকুরের অমৃত বাণী



শ্রীশ্রীঠাকুর অনুকূল বললেন, কেনও একটি বিশেষ বিষয়ের মধ্যে থাকবে না। সব বিষয়ে পারদর্শিতা অর্জন করা খুবই প্রয়োজন। যিনি তা করতে পারেন তিনি নিষ্ঠাবান শিক্ষায় শিক্ষিত হন। মনের শক্তি দিয়ে লাভ করতে হবে। সামাজিক শক্তিকে অর্জন করতে হবে। পারিবারিক শক্তির বিকাশ করতে হবে। মাতৃশক্তির পূর্ণ বিকাশ লাভ করতে হবে। মা হচ্ছেন সত্যের উপাসক। মায়ের ভক্ত হলে তবেই শক্তি অর্জন করা সম্ভব। তিনি আরও বললেন, মা জাগতিক শক্তির আধার। মা তাঁর সন্তানদের শক্তি দান করেন। মায়ের শক্তির অন্যতম অংশ হল তাঁর সন্তান।

ভগিনী নিবেদিতা ও তাঁর বাণী



ভগিনী নিবেদিতা বলতেন, কর্ম করে যেতে হবে। শিক্ষা গ্রহণ করতে হবে। উচ্চ শিক্ষায় শিক্ষিত হতে হবে। কর্ম করতে হবে। সং কর্ম করতে হবে। যতদিন বাঁচি ততদিন কাজ করি। এটাই লক্ষ্য হওয়া উচিত। সেই পথ ধরে এগিয়ে যেতে হবে মানব জাতিকে গীতায় বলছে কর্মযোগের কথা। কর্মযোগের সাধনা করতে হবে। এক নিষ্ঠাভাবে কাজ করতে হবে। যিনি কর্মবীর তিনি জগতে কাউকে ভয় পান না। তিনি নির্ভয়ে এগিয়ে যেতে পারেন সামনের দিকে। কাজ করলে তার শুভ ফল পাওয়া যায়। ভালো কাজে ভালো ফল আসবে। ধার্ম্য কাজ খারাপ ফল পাওয়া যাবে। তাই জন্য খারাপ কাজ করলে চলবে না। চাই ভালো কাজ করার মানসিকতা।

মোদি ইতিমধ্যে যে পরাজয় মেনে নিতে বাধ্য হয়েছেন!

বিশেষ প্রতিনিধি

২০০৪-এর লোকসভা ভোটের প্রথম দফা শেষ। প্রাক্ নির্বাচনী সমীক্ষায় তামাম সংবাদমাধ্যমে আভাস ছিল, ‘অগলি বারী, ফির অটল বিহারী।’ বিহারে ভোট কভার করতে গিয়ে সন্দেহ দানা বাঁধল স্বয়ং বাজপেয়ীর কথা।। প্রথম দফার ভোটের পর বিহারের ছাপরার জনসভায় বাজপেয়ীকে বলতে শুনলাম, ‘না জানে বাস্তা মে ক্যায় হ্যায়।’ অর্থাৎ প্রথম দফায় ভোট ইডিএমে কোন পক্ষে জমা হয়েছে তা নিয়ে স্বয়ং প্রধানমন্ত্রীর ভাষণে সংশয়ের সূত্র। ততদিনে তাঁর কাছে কেন্দ্রীয় গোয়েন্দা এবং দলের এক্সিট পোলের রিপোর্ট চলে এসেছে। বাজপেয়ী বুঝে গিয়েছিলেন, কুর্সি দখলে রাখা কঠিন। সেবার, টানা পাঁচ বছর প্রধানমন্ত্রির পর ‘ইন্ডিয়া শাইনিং’ তথা উজ্জ্বল ভারত গড়ার কৃতিত্ব দাবি করে নির্বাচনের ময়দানে অবতীর্ণ হন বিজেপির প্রথম প্রধানমন্ত্রী। ভোট মিটতে পদ্ম শিবির স্বীকার করে, স্লোগানটি ভুল ছিল। ব্যান্ধ-পোস্টে অফিস-পিএফের সুদ কমানো, নির্বিচারে রাষ্ট্রায়ত্ত্ব সংস্থার বেসরকারিকরণ, সরকারি দফতরে কর্মী ছটাই, বেকারি ইত্যাদিতে অতিষ্ঠ সাধারণ মানুষের কাছে ‘ইন্ডিয়া শাইনিং’ স্লোগান ছিল কাঁটা ঘায়ে নুনের ছিটা দেওয়ার মতো। আশ্চর্যের হল বাজপেয়ীর মতো পােড়খাওয়া নেতা এবং ততদিনে সংসদীয় রাজনীতিতে পঞ্চাশ বছর কাটিয়ে ফেলা নেতাও তা ভোটের আগে উপলব্ধি করেননি। তার একটি কারণ ছিল, বাংলা, কেরল বাদে বাজপেয়ী সরকারের জনবিরোধী সিদ্ধান্ত ঘিরে আম ভারতীয়ের ক্ষোভকে বিরোধী দলগুলি রাজপথে আছড়ে পড়া জন-অসন্তোষের রূপ দিতে পারেনি। যদিও ২০০৪-এর নির্বাচনের সবচেয়ে বড় শিক্ষা এটাই ছিল যে, রাজপথে অসন্তোষের ঝড় আছড়ে না পড়লেও জনমনে তা ফস্তুধারার মতো প্রবাহিত হতে থাকে। এই ব্যাপারে আমার

প্রত্যক্ষ অভিজ্ঞতা বিহারে। যদি প্রশ্ন করা হয়, ভারতে কোন রাজ্যের মানুষ সবচেয়ে রাজনীতি সচেতন, বেশিরভাগই ইয়েতো বাংলার কথা বলবেন। আমি চোখ বুজে বলব, বিহার। কেন একথা বলছি, সে প্রশ্নদ অন্ত কোনও লেখায় আলোচনা করা যাবে। সেবার বাজপেয়ী সরকারের জনবিরোধী সিদ্ধান্তের বিরুদ্ধে বাংলার রাজপথে সিপিএম-সহ বামপন্থীদের দুর্বীর আন্দোলনের ছিটফেটিঙ বিহারে ছিল না। ভোট কভার করতে গিয়ে প্যাসেঞ্জার ট্রেনে, স্টেশনে, বাসস্ট্যান্ডে সাধারণ মানুষের সঙ্গে কথা বলে অসহ্য বুঝেছিলাম, বিজেপি ও বাজপেয়ী সরকার দারিদ্র, অশিক্ষায় জেরবার রাজ্যটিতে আগ্নেয়গিরির উপর বসে আছে। ভোটের ফল নিয়ে ভবিষ্যত্বাণী

নোমেছেন। কোনও সন্দেহ নেই, নরেন্দ্র সম্ভব নয়। কিন্তু ভোট ঘোষণার সময়ে যে মনোভাব সাধারণ মানুষের মধ্যে লক্ষ্য করছি, তার অনেকটাই এখন উধাও। এটাও লক্ষণীয় ছিল, যে মানুষেরা তখন অন্য কোনও লেখায় আলোচনা করা যাবে। প্রধানমন্ত্রীর কোনও বিশেষ গুণ ও অবদানের জন্য তা বলতেন না। বরং, তা ছিল বিরোধীদের অনেকাজনিত হতাশার বহিঃপ্রকাশ। এখন সেইসব মানুষেরও কথার সুর বদলে গিয়েছে। ভোট কম পড়ার কারণ অনুসন্ধানে নেমে অনেকেই নিশ্চিত হতে চাইছেন, তা হলে কি মোদি বিদায় দিচ্ছেন? দেশবাসীর ‘মন কি বাত’-এর সুলুক সন্ধান দেওয়ার হরেক আয়োজন করাই ভাল। তারা কোনও পদক্ষেপ করবে

মানুষ পদ্ম ফুলের বোতাম টিপবে। বাস্তবে সেটা হচ্ছে না টের পেয়ে প্রধানমন্ত্রীকে তাই নিজেকে প্রবীণ তোগাড়িয়া, উমা ভারতী, প্রজ্ঞা সিং ঠাকুরদের মতো তৃতীয়-চতুর্থ শ্রেণির রাজনীতিকদের জয়গায় নিজেকে নামাতে হয়েছে। মুসলিমদের নিয়ে ভীতি-ঘৃণা-বিদ্বেষ-হিংসা ছড়ানোয় পিএইচডি ডিগ্রিধারী বিজেপি ও বিশ্বহিন্দু পরিষদের এই নেতারা বহুকাল প্রচারের আলোর বস্তুরে বাইরে। হিন্দু হৃদয় সশ্রুত হওয়ার দৌড়ে মোদি তাঁদের আগেই সাইডলাইন করে দিয়েছেন। কাউকে দ্বিতীয়, তৃতীয় হওয়ার অবকাশ রাখেননি। এমনকী অমিত শাহ, যোগী আদিত্যনাথেরাও এখন আর মূল গায়ন নন, দোহার মাত্র। মোদির কথায় ধুয়ো ধরা তাঁদের কাজ। আরও একটি বিষয়

রাফা হতে পারে ইসরায়েলের চূড়ান্ত বধ্যভূমি

বিশেষ প্রতিনিধি

মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের রাজনীতি ও কূটনীতির ক্ষেত্রে এ মুহূর্তে অগ্রাধিকার হচ্ছে দুটি। প্রথমটি হচ্ছে, যেকোনো আইনি জটিলতা বা কৌশলে তাঁর প্রতিপক্ষ ডোনাল্ড ট্রাম্পকে আসন্ন প্রেসিডেন্ট নির্বাচন থেকে বিরত রাখা। আর দ্বিতীয়টি হচ্ছে, দক্ষিণ গাজার রাফার ওপর ইসরায়েলের সম্ভাব্য আক্রমণ ঠেকানো। প্রেসিডেন্ট বাইডেন এ মুহূর্তে এমন ধারণায় উপনীত হয়েছেন যে যুক্তরাষ্ট্রের আসন্ন প্রেসিডেন্ট নির্বাচন, অর্থাৎ তাঁর দ্বিতীয় টার্মে পাস করা অন্তত কঠিন হয়ে দাঁড়িয়েছে। একদিকে ট্রাম্পের জনপ্রিয়তা এবং অন্যদিকে যুক্তরাষ্ট্রব্যাপী তাঁর ইসরায়েল নীতির প্রতি ছাত্রসমাজের চরম বিরোধিতা, প্রেসিডেন্ট বাইডেনের অবস্থানকে অত্যন্ত নড়বড়ে করে তুলেছে। অবিলম্বে গাজার যুদ্ধবিরতি কার্যকর এবং ইসরায়েলকে অস্ত্র ও অর্থ সাহায্য বন্ধ করার দাবিতে ছাত্রসমাজ যে আন্দোলন শুরু করেছে তা নাকাল হয়ে পড়েছেন জো বাইডেন। সে কারণেই সম্ভবত ইসরায়েলে যুক্তরাষ্ট্রের অস্ত্রের চালান আপাতত বন্ধ করা হয়েছে। কিন্তু তাতেও ভীত নন ইসরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহু। তিনি একই রাফা অভিযান চালিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেছেন। সে কারণে দ্বন্দ্ব বেড়েছে বাইডেন ও নেতানিয়াহুর মধ্যে। কায়রোতে চলমান যুদ্ধবিরতি সংক্রান্ত আলাপ-আলোচনা আপাতত বন্ধ হয়ে গেছে। রাফা হতে পারে ইসরায়েলের চূড়ান্ত বধ্যভূমি এমন একটি পরিস্থিতিতেও ফিলিস্তিনে, বিশেষ করে গাজার রাফা আক্রমণের বিরুদ্ধে প্রতিবেশী আরব রাষ্ট্রগুলো একাবদ্ধ হয়ে ইসরায়েলের বিরুদ্ধে আক্রমণ করতে গেলো এবং একটি তথাকথিত আপসরফায় পৌঁছানো। অন্যদিকে সিরিয়া ও লেবানন অনেক দুর্বল হয়ে পড়েছে। আর সৌদি আরব তার নিজস্ব বাণিজ্যিক ও সামরিক স্বার্থে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতি আমলে নিয়েই মধ্যপ্রাচ্যে নিজেদের প্রভাব-প্রতিপত্তি বৃদ্ধি করার প্রচেষ্টায় নিয়োজিত হয়েছে। তদুপরি ইরানের উত্থানে ভীত হয়ে যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় ইসরায়েলের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক স্থাপন এবং বাণিজ্যিক ও সামরিক সম্পর্ক জোরপূর করায় আগ্রহী হয়েছে। এই প্রেক্ষাপটে সৌদি আরব, মিসর ও জর্দান এবং পাশ্চাত্যের সামরিক জোট ন্যাটোর সদস্য রাষ্ট্রসমূহ যুক্তরাষ্ট্রের সঙ্গে একটি অলিখিত ব্যবস্থায় উপরন্তু যুগ্মভাবে যে তারা কোনো মতেই ফিলিস্তিনে ইসরায়েলের হামলা কিংবা

হত্যাকাণ্ডের বিরুদ্ধে অস্ত্র ধরবে না। সুতরাং মাঝেমধ্যে ফিলিস্তিনদের মুক্তির প্রশ্নে দু-একটি কথা বলা ছাড়া এ সমস্যা আর একটি স্থায়ী সমাধান পৌঁছানোর জন্য আরব কিংবা মুসলিম রাষ্ট্র হিসেবে তাদের কোনো শক্তিশালী অবস্থান বা সিদ্ধান্ত নেই। এর বিনিময়ে তুরস্ক ও সৌদি আরব যুক্তরাষ্ট্রের কাছ থেকে উন্নতমানের যুদ্ধবিমান, সশস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা এবং শক্তিশালী ক্ষেপণাস্ত্র প্রমুখি পাবে। আর যুক্তরাষ্ট্রসহ পশ্চিমী দেশগুলোর কাছ থেকে উচ্ছিষ্টভোগী মিসর ও জর্দান পাবে প্রচুর অর্থ ও সামরিক সাহায্য। এ অবস্থায় সৌদি আরবের সঙ্গে ইরান কিংবা চিনের যে সমঝোতার উদ্যোগ, তাতে অনেকটা লোকসম্মানো বলে মনে করে হামাস ও ফিলিস্তিনের অন্য প্রতিবেশ যোদ্ধারা। তাদের ধারণা, আরব বা মুসলিম বিশ্ব বর্তমান পরিস্থিতিতে একটি সম্মিলিত ও

শক্তিশালী উদ্যোগ নিলে এবার ফিলিস্তিন সমস্যার একটি চূড়ান্ত সমাধানে পৌঁছা হয়তো সম্ভব হতো। কিন্তু তা হয়নি। গত সপ্তাহে ভেঙে গেছে কায়রোতে চলমান যুদ্ধবিরতি আলোচনা। যুক্তরাষ্ট্র তাতে নিজেদের প্রভাব শক্তিশালীভাবে প্রয়োগ করার চেষ্টা করেও ব্যর্থ হয়েছে। এর অন্যতম প্রধান কারণ হচ্ছে, ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর একক এবং শক্তিশালী বিরোধিতা। তিনি রাফায় অভিযান চালানোর ব্যাপারে বন্ধপরিকর। শুধু তা-ই নয়, নেতানিয়াহুর সিদ্ধান্ত হচ্ছে ফিলিস্তিনে ইসরায়েলের সামরিক অভিযান চলমান থাকবে। হামাসসহ ফিলিস্তিনের প্রতিরোধ যোদ্ধাদের নিশ্চিহ্ন করে তথাকথিত ইহুদি রাষ্ট্র ইসরায়েলের নিরাপত্তা ঝোঁকো আনা নিশ্চিত না করা পর্যন্ত তিনি এ সামরিক অভিযান চালিয়ে যেতে বন্ধপরিকর। এ অবস্থায় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন তাঁর আসন্ন নির্বাচনে ভারতীয় ঠেকানোর স্বার্থেও গাজার গণহত্যা বন্ধ করতে পারছেন না। সরাতে পারছেন না নেতানিয়াহুকে ক্ষমতা থেকে। তা ছাড়া খোদ যুক্তরাষ্ট্রের সিনেট ও কংগ্রেসেও রয়েছে নেতানিয়াহুকে সাহায্য করার মতো বেশ কিছু রাজনীতিক, যারা চান যুক্তরাষ্ট্র ইসরায়েলকে তার প্রতিশ্রুত ১৪ বিলিয়ন ডলারের অস্ত্র সরবরাহ বন্ধ না করে আরো অস্ত্র ও অর্থ সাহায্য অব্যাহত রাখুক। এ ক্ষেত্রে বিশেষ অবদান রাখছেন রিপাবলিকান দলীয় সেনেটর লিডিস গ্রাহাম। তিনি প্রকাশ্যে ইসরায়েল ও তার প্রধানমন্ত্রী নেতানিয়াহুর পক্ষে সমর্থন ঘোষণা না



করে ডেমোক্রোটিক দলীয় প্রেসিডেন্ট জো বাইডেনের বিরোধিতায় মাঠে নেমেছেন। জানা গেছে যে সিনেটর গ্রাহামকে আমেরিকান-ইসরায়েলি পাবলিক অ্যামেয়ার্স কমিটির (এআইপিসি) পক্ষ থেকে সম্ভ্রতি এক বিলিয়ন ৮৫০ মার্কিন ডলার ফি দেওয়া হয়েছে ইসরায়েলের পক্ষে কাজ করার জন্য। গ্রাহাম বর্তমানে তাঁর নিজ দেশে যুক্তরাষ্ট্রের বিরোধিতা করে ইসরায়েলকে সমর্থন দিয়ে যাচ্ছেন। তাঁর সঙ্গে রয়েছে যুক্তরাষ্ট্রের বড় বড় ইহুদি মালিকানাধীন লকহিড মার্টিন ও অন্যান্য অস্ত্র উৎপাদনকারী প্রতিষ্ঠান। গ্রাহাম বলেছেন, ইসরায়েলের বর্তমান বিপর্য ঠেকানোর জন্য প্রয়োজন হতে গাজার রাফায় পারমাণবিক বোমার বিস্ফোরণ ঘটানোর জন্য। কিন্তু তিনি একজন সিনেটর হয়েও এটা বুঝলেন না যে, রাফায় পারমাণবিক বোমার বিস্ফোরণ ঘটালে তার প্রতিক্রিয়া পুরো ইসরায়েলেও ছড়িয়ে পড়বে। ভিয়েতনাম যুদ্ধের সময় যেভাবে যুক্তরাষ্ট্রব্যাপী ছাত্রসমাজ মাঠে নেমেছিল একাবদ্ধ হয়ে, একইভাবে ফিলিস্তিনের গাজার যুদ্ধ বন্ধ ও গণহত্যার অবসান চেয়ে প্রেসিডেন্ট হুয়ে সংগ্রাম চালিয়ে যাচ্ছে আপসহীন ছাত্রসমাজ। শত বাধা ও পুলিশি প্রতিরোধের মুখে এখনো তারা তাদের সংগ্রাম অব্যাহত রেখেছে। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন তাই নিজেও এ পরিস্থিতিতে উদ্বিগ্ন হয়ে উঠেছেন। ভিয়েতনাম যুদ্ধের

ইসরায়েলের কটুরপন্থী কিংবা ডানপন্থী রাজনৈতিক শক্তিকে লোকস্কুর অন্তরালে কিছুটা একাবদ্ধ করে সক্ষম হয়েছেন নেতানিয়াহু। ইসরায়েলের বিরোধী দলের নেতা ও প্রাক্তন প্রধানমন্ত্রী ইয়ার লাপিড বলেছেন, ফিলিস্তিনি প্রতিরোধ যোদ্ধা, বিশেষ করে গাজার হামাস ও অন্যদের নিশ্চিহ্ন করতে এবং ইসরায়েলের নিরাপত্তা নিশ্চিত করতে তিনি শেষ পর্যন্ত নেতানিয়াহুত্ব সঙ্গে হাত মেলাতেও প্রস্তুত রয়েছেন। কিন্তু তাতেও কি তাঁরা এ পরিস্থিতি মোকাবিলা করতে সক্ষম হবেন? এই প্রশ্ন এখন সবার মুখে মুখে। এবং এ পরিস্থিতিতে একমাত্র প্রেসিডেন্ট বাইডেনের কাছে ইসরায়েলি রাজনৈতিক মহলকে একটি সমঝোতার মধ্যে আনতে। বিগত দিনগুলোতে নিষ্ফলভাবে এ প্রচেষ্টাই তিনি চালিয়ে গেছেন। দক্ষিণ গাজার অবস্থিত রাফা শহর বা অঞ্চলটি মিসরের উত্তর সিনাই অঞ্চলে অবস্থিত একটি গুরুত্বপূর্ণ প্রবেশপথ। মানুষ কিংবা ত্রাণসামগ্রী পারাপারের ক্ষেত্রে এই প্রবেশপথে কোনো বিকল্প নেই। রাফায় স্থায়ীভাবে বসবাসকারী দুই লাখ গাজাবাসীর সঙ্গে এখন সেখানে আশ্রয় নিয়েছে অতিরিক্ত আরো প্রায় ১৪ লাখ বিপন্ন মানুষ। ইসরায়েলি দখলদার বাহিনী অবিলম্বে সেখান থেকে তাদের সরে যেতে বলেছে। রাফায় অভিযান চালাতে দখলদার বাহিনী সশস্ত্ররাদ্ধা তাদের ধারণা, এ অঞ্চলে হামাসসহ যেসব প্রতিরোধ যোদ্ধা সমবেত হয়েছে, তাদের ওপর আক্রমণ চালানো। এ বিষয়টি দখলদার বাহিনী যতটা সহজ মনে করছে, তা ততটা সম্ভব হতে পারছে। কারণ, হামাসসহ বিভিন্ন প্রতিরোধ গ্রুপেরও এ ব্যাপারে প্রস্তুতি রয়েছে। সে অনুযায়ী তারা ইসরায়েলি বাহিনীর বিরুদ্ধে আক্রমণও পরিচালনা করছে। এর পাশাপাশি প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছে লেবাননের হিজবুল্লাহ বাহিনী এবং ইয়েমেনের হুতি-আনসারাল্লাহ যোদ্ধারা। এ অবস্থায় জর্দান কিংবা অন্যান্য আরব দেশের সহায়তায় ইসরায়েল লেবানন, সিরিয়া কিংবা অন্যান্য অঞ্চলে তাদের আগ্রাসন ছিড়িয়ে দিতে চেষ্টা করলে হিজবুল্লাহ জর্দান, এমনকি মিসরের সিনাই অঞ্চলে আক্রমণ চালাবে এবং প্রয়োজন হলে দখল করে নেবে কৌশলগত অঞ্চলগুলো। এ ব্যাপারে ইরান তাদের সঙ্গে অনেকটা সন্মত পৌঁছে গেছে যে এ সংঘর্ষে বা অভিযানে তারা জর্দান, মিসর, সৌদি আরব, এমনকি তুরস্কেরও সরাসরি কোনো সম্ভ্রস্ত সাহায্য পাবে না। তারা শুধু মুখে মুখে কথার ফুলমায়ি ছড়াবে, যা বাস্তবে বা কার্যক্ষেত্রে কোনো সাহায্যে আসবে না। উল্লিখিত পরিস্থিতিতে সারা বিশ্ব এখন তাকিয়ে রয়েছে যুক্তরাষ্ট্রের আন্দোলনরত ছাত্রসমাজের দিকে। হয়তো বা শেষ পর্যন্ত এটিই হতে পারে বাইডেনের জন্য ভিয়েতনাম এবং ইহুদিবাদী ইসরায়েলের জন্য চূড়ান্ত পরাজয়ের বধ্যভূমি।

মতামত লেখকের ব্যক্তিগত

এবার রামকৃষ্ণ মিশনের জমি এবং সম্পত্তি দখল করার অভিযোগ উঠল

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ২০ মে : এবার রামকৃষ্ণ মিশনের জমি এবং সম্পত্তি দখল করার অভিযোগ উঠল ডভিননগর থানা এলাকার জমি



মাফিয়াদের বিরুদ্ধে। জানা গেছে, শিলিগুড়ির সেভক রোডের শালুগাডায় অবস্থিত রামকৃষ্ণ মিশনের সেবক হাউস এক ভক্ত কর্তৃপক্ষকে দান করেছিলেন। দীর্ঘদিন ধরেই ওই জায়গায় বসবাস করেন রামকৃষ্ণ আশ্রমের আবাসিকেরা। অভিযোগ রবিবার ভোররাত্তে এলাকার এক জমি মাফিয়া প্রদীপ রায় ও আরও প্রায় ত্রিশ চল্লিশ জন দুষ্কৃতী আগ্নেয়াস্ত্র ও অন্যান্য ধারালো অস্ত্র নিয়ে সেখানে ওই সম্পত্তিতে ঢুকে গিয়ে তা দখল নেওয়ার চেষ্টা করে। নিরাপত্তারক্ষী ও সেখানে বসবাসকারী আশ্রমিকদের মেরে ফেলার হুমকি দিয়ে ওই বাড়ি ছাড়ার নির্দেশ দেয়। সিটিটিভি ক্যামেরা ভেঙে ফেলার পাশাপাশি সকলের মোবাইল ফোন ছিনতাই করে নিয়ে যায় তারা। দ্রুত সেই সম্পত্তি না ভেঙে ফেলা হলে প্রাণে মারার হুমকিও দেওয়া হয় বলে অভিযোগ। পরবর্তীতে আশ্রম কর্তৃপক্ষ পুরো ঘটনার বিবরণ দিয়ে ডভিননগর থানায় লিখিত অভিযোগ দায়ের করেছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

বিএসএফের পক্ষ থেকে আর্সেনিক এবং আয়রন অপসারণ রো প্ল্যান্টের উদ্বোধন

দূরন্ত বার্তা, শিলিগুড়ি , ২০ মে : ফাঁসিদেওয়া ব্লকের ভারত বাংলাদেশ সীমান্তের ১৭৬ চৌকিলিয়নের পক্ষ থেকে বানেশ্বর জোত এলাকায়। ১০০০



এ ল পি এই চি আর্সেনিক এবং আয়রন অপসারণ রো প্ল্যান্ট চালু করা হলো। নুমাליগড় রি ফ ী নারি লি মি টে ড সহযোগিতায় এই প্ল্যান্ট তৈরি করা হয়। সোমবার তার শুভ উদ্বোধন করেন বিএসএফের আইজি এস কে শর্মা, ইন্সপেক্টর সঞ্জয় পাণ্ড, কোম্পানি কমান্ডেন্ট সুজিত কুমার দাস। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এলাকার স্থানীয় পঞ্চায়েত সদস্য সহ আশেপাশের গ্রামের সাধারণ মানুষ। এদিন এই পানীয় জলের ট্যাংক তৈরি হওয়ায় অনেকটাই খুশি এলাকার সাধারণ মানুষ। এখান থেকে প্রায় সীমানা এলাকার ১০-১২টি গ্রামের লোকজন জলপান করতে পারবেন। ২৪ ঘণ্টা এই পরিষেবা চালু থাকবে বলে জানান আই জি।

মিছিল করে রেল কর্তৃপক্ষের বিরুদ্ধে তৃণমূল শ্রমিক সংগঠনের ডেপুটেশন

দূরন্ত বার্তা, বীরভূম , ২০ মে : দেশের পঁচাত্তর বর্ষ পূর্তিতে অমৃত ভারত স্টেশন স্কীমে অনেক স্টেশনের উন্নয়নের সঙ্গে রামপুরহাট স্টেশনকে



সাজানো হলেও দেশের প্রাঞ্চিক মানুষের রুজি রোজগার অর্জিত করা চলে ভারতীয় রেল। বেশ কয়েক দিন ধরে রামপুরহাট রেল স্টেশনের প্ল্যাটফর্মে কিংবা ট্রেনে হকারদের চাপতে দিচ্ছে না রেল কর্তৃপক্ষ। তারই প্রতিবাদে হকারদের কে ট্রেনে ও প্ল্যাটফর্মে কাজ করতে দেওয়ার দাবিতে সোমবার বেলা ১১ টায় তৃণমূল শ্রমিক সংগঠনের পক্ষ থেকে রামপুরহাট শহরে মিছিল করে রেল কর্তৃপক্ষের বিরুদ্ধে প্রতিবাদ জানানো হয়। মিছিলে সংগঠনের সদস্যদের সাথে শ্রমিক সংগঠনের জেলা সভাপতি ত্রিদিব ভট্টাচার্য্য, আব্দুর রেকিব, বুলবুল চৌধুরী সহ অন্যান্যরা। পাশাপাশি, রেল স্টেশন ম্যানেজার সাহেবকে একটি ডেপুটেশন দেওয়া হয়। ডেপুটেশনে উপস্থিত ছিলেন জামিনের জেলা সভাপতি ত্রিদিব ভট্টাচার্য্য, রামপুরহাট শ্রমিক সংগঠনের সভাপতি আব্দুর রেকিব সহ অন্যান্য নেতৃত্ব। আব্দুর রেকিব বলেন, হাওড়া ডিভিশনে রেল কর্তৃপক্ষ এই অন্যায়াট্য বেশি করে করছে। রেলের বেসরকারিকরণের পাশাপাশি যাত্রীদের খুচরা খাবার বিক্রি পরিষেবাটাও বেসরকারিকরণ করে গরীব মানুষের রুজি রোজগার ছিনিয়ে নিতে চাইছে ভারতীয় রেল। আমরা চাইছি, কোনো দালাল নয়, রেলওয়ে কর্তৃপক্ষ সরাসরি হকার্স রেজিস্ট্রেশন করে টাকা নিয়ে হকার্সদের স্টেশনে উঠতে দিক। শুধু হকার্স নয় সাধারণ যাত্রীরাও এতে উপকৃত হবেন। বহুজাতিক সংস্থার খাদ্যদ্রব্য সাধারণ মানুষের ধরা ছোঁয়ার বাইরে।

অবৈধ সম্পর্ক, দেওর-বৌদির ঝুলন্ত দেহ

দূরন্ত বার্তা, কালনা , ২০ মে : অবৈধ সম্পর্কের জেরে সোমবার সকালে বিদ্যুতের হাই টেনশন টাওয়ার থেকে দেওর ও বৌদির ঝুলন্ত দেহ উদ্ধার হয়। উদ্ধার করে তাদের কালনা হাসপাতালে নিয়ে গেলে মৃত বলে ঘোষণা করা হয়। মৃত কৃষ্ণ সরেন (৩০) ও অপর্য্য সরেনের (৩২) বাড়ি কালনার বৃদ্ধপাড়া গ্রামের আদিবাসী পাড়ায়। প্রতিবেশীরা জানান -- অপর্য্যর সাথে দেওর কৃষ্ণ সরেনের অরৈধ সম্পর্ক গড়ে ওঠার জেরে তিন দিন আগে সকলের অজান্তে বাড়ি থেকে নির্খোঁজ হয়ে যায়। সোমবার ভোরে তাদের বাড়ি থেকে এক কিলোমিটার দূরে হাই টেনশন লাইনের টাওয়ারে থেকে দুজনের ঝুলন্ত দেহ উদ্ধার হয়। অপর্য্য সরেনের দুটি পুত্র সন্তান এবং কৃষ্ণ সরেনের একটি কন্যা সন্তান বর্তমান। এদিন কালনা হাসপাতালে মৃতদেহ দুটি ময়নাতদন্ত হয়।

কলকাতায় পরিকাঠামোর উন্নতির সাথে সাথে বিজঙ্গো স্টিল ও অ্যালুমিনিয়াম ক্রয়ে ডিজিটালাইজেশন এবং অর্থায়ন করবে

কলকাতা, ২০ মে : যেহেতু কলকাতা বিদ্যুৎ খাতে উল্লেখযোগ্য সংস্কারের পাশাপাশি পরিকাঠামোগত উন্নয়নে উৎসাহ পাওয়ার, ইস্পাত এবং অ্যালুমিনিয়ামের মতো প্রয়োজনীয় কাঁচামালের চাহিদা বাড়ছে। বিজঙ্গো, একটি B2B প্ল্যাটফর্ম যা সরবরাহ চেনইন অর্থায়ন এবং সমন্বিত ক্যাশামাল ক্রয় সমাধান প্রদান করে, ইস্পাত এবং অ্যালুমিনিয়াম ক্রেতাদের জন্য দ্রুত অর্থায়ন এবং দক্ষ সংগ্রহ পদ্ধতি সহজতর করে এই অঞ্চলে দ্রুত বৃদ্ধির লক্ষ্যে কাজ করছে। শহুরে গতিশীলতার একটি উল্লেখযোগ্য উন্নতির জন্য, কলকাতায় ১৫,৪০০ কোটি টাকার বেশ কয়েকটি সংযোগ প্রকল্পের পরিকল্পনা করা হয়েছে, ভারতের প্রথম জলের দৈহ মেট্রো লাইন শহরের পরিকাঠামো উন্নয়নে একটি

বড় মাইলফলক চিহ্নিত করে। মেট্রোর মতো। শহরের পরিকাঠামো প্রকল্পগুলি ছাড়াও, কলকাতায় ১৫,৩৩৬ টি আবাসিক ইউনিট চালু হয়েছে, যা বছরে ৬-৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা শহরে আবাসনের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে ডেভেলপারদের সক্রিয় প্রতিক্রিার ইঙ্গিত দেয়। এই বহুমুখী প্রবৃদ্ধি শহরের বৈচিত্র্যময় উন্নয়ন ল্যান্ডস্কেপের সাথে সামঞ্জস্য রেখে ক্রয় ও অর্থায়নে গ্রহণযোগ্য সমাধানের প্রয়োজনীয়তার উপর জোর দেয়। তুয়ার কামাত, বিজঙ্গোর চিফ বিজনেস অফিসার বলেন, কলকাতা দ্রুত পরিকাঠামোগত উন্নয়নের একটি কেন্দ্র হিসাবে আবির্ভূত হয়েছে, বিদ্যুৎ এবং বৈদ্যুতিকীকরণ ক্ষেত্র থেকে শুরু করে আবাসিক ক্ষেত্র পর্যন্ত বিস্তার ক্ষেত্রে বৃদ্ধি পেয়েছে। বিজঙ্গোতে,

রেলের হকার উচ্ছেদ চক্রান্তের বিরুদ্ধে আন্দোলনে সরব হলো তৃণমূল শ্রমিক সংগঠন

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ২০ মে : হকারমুক্ত রেল। এই পরিকল্পনা নিয়ে হকার উচ্ছেদ অভিযানে সামিল হয়েছে রেল দপ্তর। দীর্ঘদিন ধরেই স্টেশনে থাকা লাইসেন্সবিহীন হকারদের উচ্ছেদ করার উদ্যোগ গ্রহণ করেছে রেল দপ্তর। এর ফলে কয়েক লক্ষ হকার বর্তমানে রুজি রুটি নিয়ে সংশয়ে। এই সমস্যার সমাধান চেয়ে হকারদের পাশে থেকে দীর্ঘদিন ধরেই আন্দোলন সংগঠিত করছে তৃণমূল কংগ্রেস পরিচালিত শ্রমিক সংগঠন আই এন টি টি ইউ সি। বিগত সময় হকারদের নিয়ে তাদের উপর জুলুমবাজি, হকার উচ্ছেদ পরিকল্পনা সহ একাধিক দাবি নিয়ে আইএনটিটিইউসির এনজেপি শাখার পক্ষ থেকে বিভিন্ন আন্দোলন

সংঘটিত করা হয়। রেলের পক্ষ থেকে একাধিক আশ্রাস মিললেও হয়নি সুরাহা। সেই কারণে ফের আবারও হকার উচ্ছেদ, হকারদের উপর জুলুমবাজি, সহ একাধিক দাবি নিয়ে আইএনটিটিইউসির এনজেপি শাখার পক্ষ থেকে বিভিন্ন আন্দোলন

সাড়ে ৭ বছর ধরে জেলে কাটিয়ে জামিন শিশুপাচার কাণ্ডে অভিযুক্তের

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২০ মে : প্রায় সাড়ে সাত বছর জেল কাটিয়ে অবশেষে জামিন পেলে জলপাইগুড়িতে শিশু পাচার কাণ্ডের অন্যতম অভিযুক্ত। ২০১৬ সালে জলপাইগুড়ির একটি হোম থেকে ১৭ টি শিশুকে অধৈতভাবে দত্তক দেওয়ার অভিযোগ উঠেছিল। সেই মামলায় প্রেফতার হয়েছিলেন জলপাইগুড়ির নর্থ বেঙ্গল পিপলস ডেভেলপমেন্ট সেন্টারের তৎকালীন চেয়ারপার্সন চন্দনা চক্রবর্তী। অবশেষে জলপাইগুড়ি সার্কিট বেক্ষের বিচারপতি জয়মালা বাগচি ও বিচারপতি অজয়কুমার গুপ্তার ডিভিশন বেক্ষ তাঁর জামিন মঞ্জুর করেছে। ২০১৬ সালে ওই অভিযোগ ওঠার পর ২০১৭ সালে তদন্তভার গিয়েছিল সিআইডির হাতে। সেই বছরই ফেব্রুয়ারিতে প্রেফতার হয়েছিলেন চন্দনা চক্রবর্তী। প্রেফতার করা হয়েছিল জলপাইগুড়ির ওই হোমের অ্যাডপ্টশন অফিসার সোনালি মণ্ডলকেও।

মোদীকে কাঁথি ও তমলুক উপহার দেওয়ার প্রত্যয় শুভেন্দুর, বন্দে ভারত থেকে জোড়া ব্রিজ-সহ ৫ প্রকল্পের আর্জি

দূরন্ত বার্তা, ঝাড়গ্রাম, ২০ মে : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর হেলিকপ্টার আজ খারাপ আবহাওয়ার জন্য নামতে পারেনি হলদিয়ায়। এরপর ঝাড়গ্রাম থেকেই তিনি তমলুকের জনসভায় উপস্থিত সকলের জন্য ভার্চুয়ালি ভাষণ দেন। হলদিয়ার সভামঞ্চ থেকেই কাঁথি ও তমলুক কেন্দ্রে থেকে বিজেপিকে জেতানোর ডাক দেন শুভেন্দু অধিকারী। তৃতীয়বার প্রধানমন্ত্রী হওয়ার পর নরেন্দ্র মোদীকে পাঁচটি প্রকল্পে অগ্রাধিকার দেওয়ার অনুরোধও রাখেন শুভেন্দু। কাঁথি ও তমলুক কেন্দ্রে ভোট যষ্ঠ দফায়, অর্থাৎ ২৫ মে। তার আগে শুভেন্দু যে প্রকল্পগুলির কথা তুলে ধরলেন তা মাস্টারস্ট্রেক্ট বলেই মনে করা হচ্ছে। শুভেন্দু অধিকারী আরও

বলেন, প্রধানমন্ত্রী অনুমোদন করলে প্রকল্পগুলি রূপায়নের দায়িত্ব তিনি এবং কাঁথি ও তমলুক থেকে জিতে যারা সাংসদ হবেন সেই সৌমেন্দু অধিকারী ও অভিজিত গঙ্গোপাধ্যায় পালন করবেন। শুভেন্দু বলেন, নরেন্দ্র মোদীকে অনুরোধ করব তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রী হলে হলদিয়া ফার্টলাইজার কর্পোরেশনের বন্ধ হওয়া কারখানার পুনরুজ্জীবনের বন্দোবস্ত করুন। আইওসির পেট্রোকেমিক্যাল করুন, জায়গা ও প্রপোজাল রেডি রয়েছে। শুভেন্দু বলেন, হলদিয়া, দিঘা, কাঁথি, তমলুক, মেছোদার মানুষ বন্দে ভারত ট্রেনে চড়তে চান। ফলে এই রুটে একটি বন্দে ভারত ট্রেন চালুরও আবেদন জানান শুভেন্দু। তিনি আরও বলেন, যেভাবে রামেশ্বরনে

ফোশ্টিং ব্রিজ তৈরি করেছেন প্রধানমন্ত্রী, তেমনই কুকড়াহাটির সঙ্গে ডায়মন্ড হারবার ও নন্দীগ্রামের সঙ্গে হলদিয়াকে জোড়ার বন্দোবস্ত করা হোক। এখানে রাজ্যের ভূমিকা নেই। জনগণ জাতীয় বিষয়। শুভেন্দু ভোটারদের উদ্দেশ্যে বলেন, কথা দিচ্ছি কাঁথি আর তমলুক প্রধানমন্ত্রিকে দেব, দেব, দেব। রথকে আগলে ধরে রাখবেন। আজও চোরেরা ভোটে কিছু করতে পারেনি। কেন্দ্রীয় বাহিনীর সজাগ উপস্থিতিতে চুরি করতে পারেনি। অর্জুন সিং, লকেট চট্টোপাধ্যায়, রথীন চক্রবর্তী, শান্তনু ঠাকুররা মাঠে ছিলেন, এক ইঞ্চি জমি ছাড়েননি। অমিত শাহ বলে গিয়েছেন, ৩০টা পদা দিল্লিতে পাঠালেই ছাঁকিশে নয়, চব্বিশেই ভোট হবে।

ইউপিআই পেমেন্ট ভিত্তিক টিকিট সিস্টেম গ্রীন লাইনের সমস্ত স্টেশনে চালু করা হয়েছে - ১

কলকাতা, ২০ মে : মেট্রো যাত্রীদের জন্য আরেকটি সুখবর! শিয়ালদহের পরে, এখন গ্রীন লাইন ১- এর বাকি সাতটি স্টেশনে অর্থাৎ সল্টলেক স্টেক্সর ফাইভ

থেকে টুলবাগান স্টেশন পর্যন্ত ইউপিআই পেমেন্ট ভিত্তিক টিকিট সিস্টেম চালু করা হয়েছে। এই সুবিধাটি আজ থেকে অর্থাৎ ২০.০৫.২০২৪ থেকে গ্রীন লাইন ১ এর এই প্রসারিত অঞ্চলে উপলব্ধ করা হয়েছে। গ্রীন লাইন ১-এর সমস্ত স্টেশনের সমস্ত টিকিট বুকিং কাউন্টারগুলি যেনা মিয়ালদহ থেকে সল্টলেক স্টেক্সর ফাইভ পর্যন্ত এখন ইউপিআই পেমেন্ট ভিত্তিক টিকিট সিস্টেমের সাথে সক্ষম। ফলস্বরূপ, যাত্রীদের এই টিকিট কাউন্টারগুলিতে কারোপি নোট এবং কয়েক সটিক ভাড়া টেন্ডার করতে হবে না। উল্লেখ্য যে এই বিকল্প ইউপিআই পেমেন্ট ভিত্তিক টিকিটিং সিস্টেমটি প্রথমে ০৭.০৫.২০২৪ তারিখে শিয়ালদহ মেট্রো স্টেশনে গ্রীন লাইন ১-এ চালু করা হয়েছিল। স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া এবং সেন্টার ফর রেলওয়ে ইনফরমেশন সিস্টেমস (CRIS) এর সহায়তায় মেট্রো



স্মার্ট কার্ড রিচার্জ করতে সক্ষম হবে। এই সুবিধা শীঘ্রই যাত্রীদের সুবিধার জন্য গ্রীন লাইন ২ (অর্থাৎ এসপ্ল্যান্ডে থেকে হাওড়া ময়দান), ব্লু লাইন, পার্পল লাইন এবং অরেন্জ লাইনেও ব্যাচনো হবে। এই ক্রিয়েরে এই সুবিধা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা হচ্ছে। মেট্রো কর্তৃপক্ষের এই নতুন পদক্ষেপকে স্বাগত জানিয়েছেন যাত্রীরা। এই নতুন ইউপিআই পেমেন্ট ভিত্তিক টিকিটিং সিস্টেম সম্পর্কে যাত্রীদের প্রতিক্রিয়া আজ খুব ভাল হয়েছে।

রেলওয়ে কর্তৃপক্ষ এই ইউনিফাইড পেমেন্ট ইন্টারফেস (UPI) ভিত্তিক টিকিট সিস্টেম চালু করেছে। এই সুবিধাটি পেতে, যাত্রীদের গন্তব্য স্টেশনের নাম বলতে হবে এবং

টিকিট কাউন্টার ডুয়াল ডিসপ্লে বোর্ডে প্রদর্শিত কিউআর কোডটি স্ক্যান করতে হবে এবং তাদের স্মার্টফোনের সাহায্যে অর্থপ্রদান করতে হবে। পেমেন্ট পাওয়ার পর, কিউআর কোড ভিত্তিক কাগজের টিকিট তৈরি হবে এবং যাত্রীরা সেই টিকিট দিয়ে অর্থ করতে পারবে। এই সিস্টেমের সাহায্যে যাত্রীরা তাদের স্মার্ট কার্ড রিচার্জ করতে সক্ষম হবে। এই সুবিধা শীঘ্রই যাত্রীদের সুবিধার জন্য গ্রীন লাইন ২ (অর্থাৎ এসপ্ল্যান্ডে থেকে হাওড়া ময়দান), ব্লু লাইন, পার্পল লাইন এবং অরেন্জ লাইনেও ব্যাচনো হবে। এই ক্রিয়েরে এই সুবিধা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা হচ্ছে। মেট্রো কর্তৃপক্ষের এই নতুন পদক্ষেপকে স্বাগত জানিয়েছেন যাত্রীরা। এই নতুন ইউপিআই পেমেন্ট ভিত্তিক টিকিটিং সিস্টেম সম্পর্কে যাত্রীদের প্রতিক্রিয়া আজ খুব ভাল হয়েছে।

টিকিট কাউন্টার ডুয়াল ডিসপ্লে বোর্ডে প্রদর্শিত কিউআর কোডটি স্ক্যান করতে হবে এবং তাদের স্মার্টফোনের সাহায্যে অর্থপ্রদান করতে হবে। পেমেন্ট পাওয়ার পর, কিউআর কোড ভিত্তিক কাগজের টিকিট তৈরি হবে এবং যাত্রীরা সেই টিকিট দিয়ে অর্থ করতে পারবে। এই সিস্টেমের সাহায্যে যাত্রীরা তাদের স্মার্ট কার্ড রিচার্জ করতে সক্ষম হবে। এই সুবিধা শীঘ্রই যাত্রীদের সুবিধার জন্য গ্রীন লাইন ২ (অর্থাৎ এসপ্ল্যান্ডে থেকে হাওড়া ময়দান), ব্লু লাইন, পার্পল লাইন এবং অরেন্জ লাইনেও ব্যাচনো হবে। এই ক্রিয়েরে এই সুবিধা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা হচ্ছে। মেট্রো কর্তৃপক্ষের এই নতুন পদক্ষেপকে স্বাগত জানিয়েছেন যাত্রীরা। এই নতুন ইউপিআই পেমেন্ট ভিত্তিক টিকিটিং সিস্টেম সম্পর্কে যাত্রীদের প্রতিক্রিয়া আজ খুব ভাল হয়েছে।

সক্ষম করে স্বয়ংক্রিয়ভাবে যাচাইকৃত ব্যাঙ্ক স্টেটমেন্ট এবং অন্যান্য নথি আনতে সংহতকরণের মাধ্যমে আর্থিক আবেদন প্রক্রিয়াটি সহজ করে নিজেদের আলাদা করে। একই সাথে, পণ্যের গতিবিধি, ক্রেডিট ইতিহাস ইত্যাদি সহ রিয়েল-টাইম, যাচাইযোগ্য লেনদেন-স্তরের ডেটার মাধ্যমে, প্ল্যাটফর্মটি আর্থিক প্রতিষ্ঠানগুলিকে তাদের নিশ্চয়তার সিদ্ধান্তগুলি উন্নত করতে সক্ষম করে। মোবাইল অ্যাপ-টি কাঁচামালের দামের সাথে সমস্ত সরবরাহকারীদের একত্রিত দৃষ্টিভঙ্গি দেওয়ার জন্য একটি এআই-চালিত প্ল্যাটফর্ম হিমায়েতও কাজ করে, ক্রেতাদের সঠিক দামে কেনার আরও বিকল্প দেয়। এটি অনুকূলিত ক্রয়ের মাধ্যমে ব্যব সাশ্রয় অনুদান করে এবং লেনদেনের ডিজিটালাইজেশনের মাধ্যমে লাভ বাড়ায়।

কৃষিগিরকে তাদের দাবি সম্মিলিত স্মারকলিপি প্রদান করে। সভাপতি সুজয় সরকার জানান রেলের হকারদের ইচ্ছে মতো জুলুম বাজি করছে আরপিএফ। তাদের জরিমানার পাশাপাশি জেলে পর্যন্ত ঢুকিয়ে দেওয়া হচ্ছে। অলিঙ্গের তাদের উপর এই জুলুমবাজি বন্ধ না হলে আগামীতে বৃহত্তর আন্দোলনে যাওয়ার কথা জানান তিনি। আরপিএফ এসিস্ট্যান্ট সিকিউরিটি কমান্ডেন্ট রজত কুন্ডগিরকে তাদের দাবি নির্দেশ মেনেই হকারদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করা হচ্ছে। কোন লাইসেন্সবিহীন হকার স্টেশন চত্বরে হকারি করতে পারবে না। তবে বৈধ হকারদের পূর্ণ মর্যাদা দেওয়া হবে রেলের পক্ষ থেকে।

কান্তেশ্বরী কালী মন্দিরে চুরি, চাঞ্চল্য



দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২০ মে : মন্দিরের তাল ভেঙ্গে দান বাস্তু চুরি করার ঘটনায় চাঞ্চল্য শহর জুড়ে। কান্তেশ্বরী কালী মন্দির এর ঘটনা। জলপাইগুড়ি শহুরে চুরি ছিনতাই এর সাথে থাকা এবার ফের মন্দিরের তাল ভেঙ্গে দান বাস্তু চুরি করার পরিকল্পনা নিল কিছু দুষ্কৃতি । সোমবার সকালে মন্দিরে পূজা দিতে গিয়ে এই বিষয়টি শুধু নয় এমন এক বাসিন্দা বিকাশ বন্দ্যোপাধ্যায় । তিনি বলেন মন্দিরে পূজা দিতে গিয়ে দেখি মন্দিরের তাল ভাঙ্গা। মন্দিরের ভিতরে দান বাস্তু অন্য জায়গায় ফেলানো । আরেকটি দান বাস্তু ভাঙ্গার চেষ্টা করা হয়েছে। এরপর পুলিশকে খবর দেওয়া হয়। পুলিশ এসে পুরো ঘটনার তদন্ত শুরু করেছে। এই বিষয়ে এলাকার কাউন্সিলর তথা মণির কমিটির সদস্যরা বলেন এর আগেও এই মন্দিরে চুরি হয়েছে। আবারও ফের মন্দিরে চুরি হলো। আমরা আতঙ্কে রয়েছি। তবে কত কি চুরি গেছে তা পরে বোঝা যাবে। কাউন্সিলর বলে এই ধরনের ঘটনা বারবার ঘটলে হয়তো আমাদের নিজেদেরই আর নিরাপত্তা থাকবে না । তাই পুলিশ প্রশসনের কাছে অনুরোধ যাতে এর দ্রুত ব্যবস্থা করা হয়। জলপাইগুড়ি পৌরসভার অন্তর্গত ২৪ নম্বর ওয়ার্ডের কান্তেশ্বরী কালীমন্দিরে এই ধরনের ঘটনা ঘটেছে।

অস্বাভাবিক হারে বিদ্যুৎ বিল বৃদ্ধি, বিক্ষোভ

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ২০ মে : অস্বাভাবিক হারে বিদ্যুতের বিল বৃদ্ধির প্রতিবাদে মিলন পল্লী বিদ্যুৎ দপ্তরের সামনে বিক্ষোভ প্রদর্শন করল সি পি আই এম শিলিগুড়ি ৪ নম্বর এরিয়া কমিটি। সোমবার দুপুরে বিদ্যুতের বিল বৃদ্ধির প্রতিবাদে তারা বিক্ষোভের সান্নিধ্য এবং পরবর্তীতে তাদের দাবি সন্বলিত একটি স্মারকলিপি তুলে দেওয়া হয়। সিপিআইএম নেতা শরদিন্দু চক্রবর্তী বলেন, বর্তমানে বিদ্যুতের চাহিদা বাড়ার সাথে সাথে বিদ্যুতের বিলও বাড়িয়ে দেওয়া হচ্ছে। পশ্চিমবঙ্গে বসবাসকারী মানুষকেই এত পরিমাণে বিদ্যুতের বিল দিতে হচ্ছে এর জন্য দায়ী কেন্দ্র দায়ী কেন্দ্র ও রাজ্য সরকার। অবিলম্বে বিদ্যুতের বিল কমানোর দাবি তুলে ধরা হয়।

ট্রেনে কাটা পড়ে মৃত্যু যুবকের

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২০ মে : জলপাইগুড়ি তিস্তা ব্রিজ সংলগ্ন রেললাইনে ট্রেনে কাটা পড়ে মৃত্যু এক যুবকের। শোকের ছায়া পাহাড়পুর গ্রাম পঞ্চায়েতের ছোট্টো চৌধুরীপাড়াতো জানা গেছে রবিবার ঘটনাক্রমে রাত সাড়ে ১০ টা নাগাদ মৃত্যুনিটি ঘটেছে। খবর পেয়ে আরপিএফ ময়নাগুড়ি GRPF থানায় জানার। এদিন রাত সাড়ে ১১ টা নাগাদ মিনিট নাগাদ GRPF থানার পুলিশ ও পরিবারের সদস্য ছুটে যান ময়নাস্থলে। পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য জলপাইগুড়ি গর্গে নিয়ে আসে। GRPF ও আরপিএফের প্রাথমিক অনুমান সাইকেল নিয়ে রেললাইন পাড় হতে গিয়েই ট্রেনের ধাক্কায় কাটা পড়ে যায়। তবে কোন ট্রেনের ধাক্কায় কাটা পড়ছে তা জানা যায়নি। পরিবার সূত্রে জানা গেছে মৃত যুবকের নাম রাধিকুল ইসলাম।



আরামবাগ লোকসভা কেন্দ্রের একটি বুথে অবধা ও সুষ্ঠু ভোটগ্রহণের জন্য প্রহরারত নিরাপত্তা কর্মী ১- পিআইবি

খড়গপুরে উদ্ধার লাখ লাখ টাকা! বিজেপির দাবি, ওই অর্থ তাদেরই

